## 'গ' বিভাগ ঃ আনন্দ পাঠ

৯। রূপম তার পিতা-মাতার একমাত্র সন্তান। তাদের একটি ছাগল ছিল। রূপম প্রতিদিন ছাগলটিকে ঘাস-পাতা খেতে দিত। ছাগলটি ছিল তার খুবই আদরের। কিন্তু তার বাবা সিদ্ধান্ত নিল এবার এই ছাগলটিকে জবাই করবে। একথা শুনে রূপম কেঁদে কেঁদে অস্থির। সে তার বাবাকে বলল, 'আমার প্রিয় ছাগলটিকে কোনোভাবেই জবাই দেওয়া যাবে না।'

ক) চরুর বয়স কত? ১

খ) পোড়া গন্ধ পেয়ে চরু কী করল? ২

গ) উদ্দীপকের রূপমের সাথে 'চরু' গল্পের কোন চরিত্রের মিল আছে? ৩

ঘ) রূপম চরিত্রের মাধ্যমে 'চরু' গল্পের কোন ভাবটি ফুটে উঠেছে বিশ্লেষণ করো। ৪

১০। পাকিস্তানিরা এদেশের সম্পদ লুট করে নিয়েছে। প্রতিবাদ করতে গেলে জেলে ভরেছে। দাবি আদায় করতে গেলে গুলি মেরেছে। আর স্বাধীনতার যুদ্ধ করতে গেলে তাদের অন্যায়ের সহযোগী হয়ে দাঁড়িয়েছে এ দেশের কিছু মানুষ আর কিছু বিদেশি রাষ্ট্র। এই ইতিহাস পড়ে রাগে আর ঘৃণায় রি রি করে ওঠে দীপ্রর শরীর।

ক) গ্রিসের চিকিৎসক কী দিয়ে ওষুধ তৈরির কথা বললেন? ১

খ) ছেলেটি প্রাণ খুলে হাসে কেন? ২

গ) উদ্দীপকের পাকিস্তানিদের আর 'বিচার নেই' গল্পে বাদশাহর আচরণের সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) দীপ্র 'বিচার নেই' গল্পের ছেলেটির মতো প্রতিবাদী হয়ে ওঠতে পারেনি–এ মন্তব্যের ওপর তোমার মতামত দাও। ৪

১১। সমাজে কৃপণ মানুষের কোন মূল্য নেই। কারণ, তাদের দ্বারা সমাজের কোনো কল্যাণ হয় না। তারা তাদের অর্থ অপরের জন্য তো নয়ই, এমনকি প্রয়োজনে নিজের জন্যও খরচ করে না। তারা পৃথিবীর সমস্ত আনন্দ থেকে বঞ্চিত থাকে শুধু অর্থ সঞ্চয় করার জন্য। এ কারণে মহানবি (সাঃ) বলেছেন, 'কৃপন ব্যক্তি কখনো জান্নাতে প্রবেশ করবে না।' তারা পার্থিব জীবনে যেমন কষ্ট পায়, পরকালেও কষ্ট পাবে।

ক) আলী আবুর জুতো জোড়ার নাম কী ছিল? ১

খ) বাগদাদের মুচিরা আলী আবুকে চিনত কেন? ২

গ) 'উদ্দীপকের কৃপণ ব্যক্তির বৈশিষ্ট্য অনুযায়ী আলী আবু আম্মুরী কি সুখী না অসুখী? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৩

ঘ) 'কৃপণতা মানুষকে কষ্ট দেয়'–'অলক্ষুণে জুতো' গল্পের আলোকে উক্তিটির যথার্থ প্রয়োগ দেখাও। ৪

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০ খ্রিঃ

## শ্রেণি : সপ্তম
## বিষয় : বাংলা ১ম পত্র
## (সৃজনশীল)

সময় : ২.৩০ ঘণ্টা পূর্ণমান -৭০

**[প্রত্যেক বিভাগ থেকে কমপক্ষে ২টি সহ মোট ৭টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে।]**

## 'ক' বিভাগ – গদ্য

১। ভার্জিনিয়া উল্ফ একজন নারীবাদী ঔপন্যাসিক। তার লেখায় তিনি নারীদের মানসিক ও সামাজিক মুক্তি প্রত্যাশা করেছেন। নারীদের মুক্তি আন্দোলনেও তিনি স্মরণীয়। নারীর মুক্তির জন্য তাদের শিক্ষিত করে তোলার বিষয়টিকে তিনি বেশ গুরুত্ব দেন।

ক) রোকেয়ার পিতার নাম কী? ১

খ) রোকেয়ার সময়ে বাঙালি মুসলমান সমাজের অবস্থা কেমন ছিল? ২

গ) রোকেয়া সাখাওয়াত হোসেনের সঙ্গে ভার্জিনিয়া উলফের তুলনা করো। ৩

ঘ) নারী মুক্তির জন্য তাদেরকে শিক্ষিত করে তোলা খুবই গুরুত্বপূর্ণ কাজ। –উদ্দীপক ও 'রোকেয়া সাখাওয়াত হোসেন' প্রবন্ধের আলোকে উক্তিটি বিচার কর। ৪

২। যে মক্কাবাসী একদিন মহানবি (স.) ও মুসলমানদের নির্মমভাবে নির্যাতন করেছিল। মহানবি (স:) কে হত্যা করার জন্য দৃঢ়প্রতিজ্ঞ ছিল। তাঁকে জন্মভূমি মক্কা ত্যাগ করতে বাধ্য করেছিল, এমনকি মদিনায়ও তাঁকে শান্তিতে থাকতে দেয়নি। সেই মক্কায় আজ তিনি বিজয়ীর বেশে। আর মক্কাবাসী তাঁর সামনে অপরাধীর বেশে দণ্ডায়মান। রাসুল (স:) বললেন, আজ তোমাদের বিরুদ্ধে আমার কোনো অভিযোগ নেই, যাও তোমরা মুক্ত স্বাধীন।

ক) হযরত মুহাম্মদ (স:) কীসের উপর জোর দিয়েছেন? ১

খ) হযরত মুহাম্মদ (স:) আরববাসীদের কুসংস্কার থেকে মুক্তি পেতে কী করতে বলেছেন? ২

গ) উদ্দীপকের ঘটনা 'মরু-ভাস্কর' প্রবন্ধের কোন ঘটনাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'প্রতিশোধ নয়, ক্ষমাই উত্তম'-উদ্দীপক ও 'মরু-ভাস্কর' প্রবন্ধের আলোকে উক্তিটির যৌক্তিকতা বিচার কর। ৪

৩। রাস্তাতেই থাকে মামুন। রাত হলে ফুটপাতে ঘুমায়। সে স্কুলে কখনই যায়নি। যার থাকা খাওয়ার ঠিক নেই, তার আবার লেখাপড়া। ২১শে ফেব্রুয়ারি কী তা সে জানে না। তবে সে প্রতিবছর দেখে 'প্রভাতফেরী' যায় শহিদ মিনারে। সবাই

খালি পায়ে, গান গাইতে গাইতে শহিদ মিনারে যায়। 'আমার ভাইয়ের রক্তে রাঙানো ২১শে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি? সে সেই মিছিলে শামিল হয়। সেও তাদের সাথে শহিদ মিনারে যায়। তাদের মতো শহিদ মিনারে শ্রদ্ধাভরে ফুল দেয়।

ক) লখার গলা দিয়ে কী শব্দ হয়? ১
খ) লখা খাবারে এঁটো পাতা চাটে কেন? ২
গ) "লখা ও মামুন লেখাপড়া জানা না হলেও উভয়ের অনুভূতি একই"– ব্যাখ্যা করো। ৩
ঘ) "লখা ও মামুন টোকাই হতে পারে, কিন্তু তাদের চিন্তা-চেতনা অসাধারন"– বিশ্লেষণ করো। ৪

৪। জাতীয় শোক দিবসে ছবি আঁকার প্রতিযোগিতা শুরু হয়েছে। পঞ্চম শ্রেণিতে অঙ্কন প্রতিযোগীদের সাথে ছবি আঁকছে। সকলের দৃষ্টি অঙ্কনের দিকে। উজ্জ্বল রঙের ব্যবহারে কী নিখুঁতভাবে আঁকছে সে। যেন হৃদয়ের কথা তুলিতে ফুটে উঠছে। ডান হাত নেই বলে বাঁ হাতেই সব কাজ করতে হয় তাকে। আজকের প্রতিযোগিতায় অঙ্কনের আঁকা ছবিটিই শ্রেষ্ঠস্থান অধিকার করেছে।

ক) 'বাহার' শব্দটির অর্থ কী? ১
খ) গ্রীষ্মকালে প্রকৃতিতে নানা রঙের খেলা চলে কেমন করে? ২
গ) উদ্দীপকের অঙ্কনের ছবি আঁকার দিকটি 'ছবির রং' প্রবন্ধের কোন দিকটিকে তুলে ধরে? আলোচনা করো। ৩
ঘ) "যেন হৃদয়ের কথা তুলিতে ফুটেছে তার।" –উক্তিটি 'ছবির রং' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪

## 'খ' বিভাগ – পদ্য

৫। নানান দেশের নানান ভাষা
বিনে স্বদেশি ভাষা
পুরে কি আশা?

ক) অবিরাম কী ছুটি চলে? ১
খ) অক্ষরগুলো আমাদের কীভাবে পাহারা দিচ্ছে? ২
গ) উদ্দীপকটি 'এই অক্ষরে' কবিতার সাথে কোন দিক দিয়ে সঙ্গতিপূর্ণ?– ব্যাখ্যা করো। ৩
ঘ) "উদ্দীপক এবং 'এই অক্ষরে' কবিতার মূলভাব একই।"– তোমার পক্ষে যুক্তি দাও। ৪

৬। দেশের মাটি দেশের মানুষ
নানা রকম বেশ
বাড়ি বাগান পাখপাখালি
সব মিলে এক ছবি
নেই তুলি, নেই রং, তবু
আঁকতে পারি সবই।

ক) ভাটার টানে কী চলে? ১
খ) নৌকা নাচে কেন? ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকটি 'নতুন দেশ' কবিতার সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ৩
ঘ) "উদ্দীপকের মূলভাব এবং 'নতুন দেশ' কবিতার মূলভাব পুরোপুরি এক নয়।" –বিশ্লেষণ কর। ৪

৭। "আমাদের স্বাধীনতা সংগ্রামের গোড়াপত্তন থেকে বঙ্গবন্ধু প্রতিটি অধ্যায়ে নিজেকে গুরুত্বপূর্ণ করে তুলেছেন অসামান্য অবদানের মাধ্যমে। ধাপে ধাপে বাঙালির মুক্তির সংগ্রামকে তিনি এগিয়ে নিয়ে গিয়েছিলেন অপূর্ব বিচক্ষণতায়। তাঁর নেতৃত্বে কারিশমা ছিল। ফলে আন্দোলনকে চূড়ান্ত লক্ষ্যের দিকে নিয়ে যেতে একজন নির্ভরযোগ্য কাণ্ডারি হয়ে উঠেছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।"

ক) কোন কবির চোখে বাংলাদেশ 'রূপসী বাংলা'? ১
খ) 'লক্ষ মুজিবের কণ্ঠস্বরের ধ্বনি-প্রতিধ্বনি' বলতে কবি কী বুঝিয়েছেন? ব্যাখ্যা করো। ২
গ) উদ্দীপকের বিষয়বস্তুতে 'শোন একটি মুজিবরের থেকে' কবিতার কোন দিকটি প্রকাশ পেয়েছে? ৩
ঘ) "আন্দোলন চূড়ান্ত লক্ষ্যের দিকে নিয়ে যেতে একজন নির্ভরযোগ্য কাণ্ডারি হয়ে উঠেছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান"–উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৮। ভাষা মানুষের প্রাণের অস্তিত্ব। ভাষা মানে আত্ম-অনুভূতির বহি:প্রকাশ। তাই ভাষার প্রয়োজনে সমগ্র জাতি একতাবদ্ধ। নিজের ভাষাকে রক্ষার প্রয়োজনে আমাদের জীবনে ১৯৫২ সাল জোতির্ময় হয়ে আছে। আমাদের ভাষা আমাদের পরিচয়। পৃথিবীতে আমরাই একমাত্র জাতি যারা ভাষার জন্য প্রাণ দিয়েছি। এই মহান অর্জন তাই আজ সারাবিশ্বে আত্মত্যাগের মহান উদাহরণ। সেই মহান আত্মত্যাগে মুগ্ধ জাতি মাতৃভূমিকে স্বাধীন করার মহান মন্ত্রে দীক্ষিত হয়ে অর্জন করেছে স্বাধীন একটি বাংলাদেশ।

ক) 'উপমা' শব্দের অর্থ কী? ১
খ) "এই অক্ষর যেন নির্ঝর, ছুটে চলে অবিরাম"–ব্যাখ্যা করো। ২
গ) উদ্দীপকের সাথে 'এই অক্ষরে' কবিতার সাদৃশ্য বর্ণনা করো। ৩
ঘ) "মাতৃভাষার প্রতি আমাদের মনে বিনম্র শ্রদ্ধা ও মমত্ববোধ সদা জাগ্রত"– আলোচ্য কাব্যের আলোকে বিশ্লেষণ কর। ৪

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি : সপ্তম**

**বিষয় : বাংলা ২য় পত্র**

**রচনামূলক**

সময় : ২.৩০ ঘণ্টা পূর্ণমান -৭০

১। **যে কোন ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ** **৫×৪ = ২০**

(ক) সাধুভাষা ও চলিত ভাষার পাঁচটি পার্থক্য লেখ।

(খ) ব্যাকরণ কাকে বলে? বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয় কি কি?

(গ) ব্যাকরণ পাঠের পাঁচটি প্রয়োজনীয়তা লেখ।

(ঘ) বর্ণ কাকে বলে? বাংলা ব্যাকরণের প্রত্যেক বর্ণের প্রথম ও শেষ বর্ণটি লেখ।

(ঙ) সন্ধি কাকে বলে?. সন্ধির প্রয়োজনীয়তা লিখ।

(চ) সন্ধি বিচ্ছেদ কর :
তচ্ছবি, কুজ্ঝটিকা, উড্ডীয়মান, সন্ন্যাস, চিন্ময়

২। **অনুচ্ছেদ লেখ :** **৫**

কুটির শিল্প **অথবা,** সততা

৩। **(ক) সারমর্ম লেখ ঃ** **১০**

একদা ছিলনা জুতা চরণ যুগলে,
দহিল হৃদয় মন সে ক্ষোভানলে।
ধীরে ধীরে চুপি চুপি দুঃখাকুল মনে,
গেলাম ভজনালয়ে ভজন কারণে।
দেখি সেথা একজন পদ নাহি তার,
অমনি জুতার খেদ ঘুচিল আমার।
পরের অভাব মনে করিলে চিন্তন,
আপন অভাব ক্ষোভ রহে কতক্ষণ?

**অথবা, (খ) সারাংশ লেখ ঃ**

ছাত্রজীবন আমাদের ভবিষ্যৎ জীবনের বীজ বপনের সময়। এ সময় যে যেমন বীজ বপন করবে, ভবিষ্যৎ জীবনে সে সেরূপ ফল ভোগ করবে। এ সময় যদি আমরা নিষ্ঠার সঙ্গে জ্ঞানের অনুশীলন করে যাই তবে ভবিষ্যৎ সম্ভাবনাময় হবে। আর যদি হেলায় সময় কাটিয়ে দিই, তাহলে জীবনের মহৎ উদ্দেশ্য ব্যর্থ হতে বাধ্য। যে শিক্ষা জীবন ও জীবিকার পথে কল্যাণকর, যে শিক্ষা মানুষকে উন্নত চরিত্রের অধিকারী করে, তাই সর্বোৎকৃষ্ট শিক্ষা। ছাত্রদের জীবন গঠনে শিক্ষক সমাজ গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তাদের সুষ্ঠু পরিচালনার মধ্য দিয়েই ছাত্রদের জীবন গঠিত হয় এবং উন্মুক্ত হয় মহত্তর সম্ভাবনার পথ।

৪। **যে কোনো একটি ভাব সম্প্রসারণ কর ঃ** **১০**

(ক) আলস্য এক ভয়ানক ব্যাধি।

**অথবা,**

(খ) "গ্রন্থগত বিদ্যা আর পর হস্তে ধন
নহে বিদ্যা নহে ধন হলে প্রয়োজন।"

৫। স্কুলে অনুষ্ঠিত বিজ্ঞান মেলার বর্ণনা দিয়ে বন্ধুকে একটি পত্র লেখ। **১০**

**অথবা,**

বিদ্যালয় হতে ছাড়পত্র পাওয়ার জন্য প্রধান শিক্ষকের নিকট একটি আবেদন পত্র লেখ।

৬। **যে কোনো একটি প্রবন্ধ রচনা কর ঃ** **১৫**

(ক) বাংলাদেশের ষড়ঋতু

(খ) আমার প্রিয় কবি

(গ) স্বদেশ প্রেম

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি : সপ্তম**

**বিষয় : গণিত**

**(সৃজনশীল)**

সময় : ২.৩০ ঘণ্টা                                                                                                   পূর্ণমান -৭০

**‘ক’ বিভাগ**

[যেকোন ২টির উত্তর দাও]

১। একটি স্কুলে মোট ৫৪০০ জন ছাত্র-ছাত্রী আছে এবং নতুন করে আরও ৪৩২ জন ভর্তি হলো।

ক) ১২৩৪৩২১ সংখ্যাটির বর্গমূল কয় অঙ্ক বিশিষ্ট হবে? ২

খ) প্রথম সংখ্যাটিকে কোন ক্ষুদ্রতম সংখ্যা দিয়ে গুণ করলে এটি একটি পূর্ণবর্গ হবে? ৪

গ) সংখ্যা দুইটির সমষ্টিকে কমপক্ষে কত দ্বারা ভাগ করলে ভাগফল পূর্ণবর্গ সংখ্যা হবে? ৪

২। একজন ঘড়ি বিক্রেতা একটি ঘড়ি ৬১২ টাকায় বিক্রয় করায় তার ১৫% ক্ষতি হলো। তার উদ্দেশ্য ছিল ১০% লাভ করা।

ক) ঘড়িটির ক্রয়মূল্য কত? ২

খ) ঘড়িটি কত টাকায় বিক্রয় করলে ১০% লাভ হবে? ৪

গ) ভ্যাটের হার ১৫% হলে, একজন ক্রেতাকে কত টাকায় ঘড়িটি কয় করতে হবে? ৪

৩। ৯০ লিটার মিশ্রণে চিনি ও পানির ওজনের অনুপাত ৫ ঃ ৪।

ক) উক্ত মিশ্রণে পানির পরিমাণ নির্ণয় কর। ২

খ) ঐ মিশ্রণে ক লিটার পানি মিশ্রিত করলে চিনি ও পানির ওজনের অনুপাত ৪ ঃ ৫ হলে ক এর মান কত? ৪

গ) ক এর মানের ৫৫ গুণ টাকা পপি, মৌসুমি, কবিতার মধ্যে ১ ঃ ২ ঃ ৩ অনুপাতে ভাগ করে দিলে কে কত টাকা পাবে? ৪

**‘খ’ বিভাগ : বীজগণিত**

[যেকোন ২টির উত্তর দাও]

4| $y+a,\ 2y-a,\ y^2+2ay+a^2,\ 4y^2-4ay+a^2$

ক) ১ম দুইটি রাশির গুণফল নির্ণয় কর। ২

খ) ১ম ও ৩য় রাশির গুণফল নির্ণয় কর। ৪

গ) চারটি রাশির গুণফল নির্ণয় কর এবং $y=a$ হলে রাশিটির মান নির্ণয় কর। ৪

5| $x-y=7$ এবং $xy=3$ হলে

ক) বর্গ নির্ণয় ঃ $5a^2 + b^2$ ২

খ) $x^4+y^4$ এর মান নির্ণয় কর। ৪

গ) প্রমাণ কর যে, $(x+y)^2=61$ ৪

6| i) $\frac{3x+7}{4} + \frac{5x-4}{7} = x+3\frac{1}{2}$

ii) $\frac{x}{2} - \frac{x}{3} = \frac{x}{5} - \frac{1}{6}$

K) $\frac{y}{2}+1=3$ সমীকরণের বীজ কত? ২


খ) উদ্দীপকের (i) নং সমীকরণটির সমাধান কর। ৪

গ) উদ্দীপকের (ii) নং সমীকরণটি সমাধান করে শুদ্ধি পরীক্ষা কর। ৪

## 'গ' বিভাগ : জ্যামিতি

[যেকোন ২টির উত্তর দাও]

7|




চিত্রে, OP ও RT রেখা পরস্পর সমান্তরাল।

ক) $\angle PQR$ ও $\angle TRS$ এর মধ্যে সম্পর্কটি লিখ। ২

খ) প্রমাণ কর যে, $\angle QPR+\angle PQR=PRS$। ৪

গ) $\Delta PQR$ সমবাহু ত্রিভুজ হলে, প্রমাণ কর এর প্রত্যেকটি কোণের পরিমাণ $60°$। ৪

৮। কোনো একটি ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য $a = 5$ সে. মি. এবং এর সংলগ্ন অপর একটি কোণ $50°$।

ক) প্রদত্ত তথ্য দুইটি চিত্রের মাধ্যমে দেখাও। ২

খ) প্রদত্ত কোণ সংলগ্ন অপর একটি বাহু $b=4$ সে. মি. হলে অঙ্কনের বিবরণসহ ত্রিভূজটি আঁক। ৪

গ) প্রদত্ত বাহুর সংলগ্ন অপর একটি কোণ $40°$ হলে, অঙ্কনের বিবরণসহ ত্রিভুজটি আঁক। ৪

৯। (i) 10 সেমি, 8 সেমি, 7 সেমি দৈর্ঘ্যের তিনটি বাহু দেয়া আছে।

(ii) $45°$, $30°$ দুটি কোণ ও একটি বাহুর দৈর্ঘ্য 6 সে.মি.

ক) কম্পাসের সাহার্যে $30°$, $45°$ অংকন কর। ২

খ) (i) সাহায্যে ত্রিভুজ চিহ্নিত চিত্রসহ বিবরণ লিখ। ৪

গ) (ii) সাহায্যে চিহ্নিত চিত্রসহ বিবরণ লিখ। ৪

## 'ঘ' বিভাগ ঃ তথ্য ও উপাত্ত

[যেকোন ১টির উত্তর দাও]

১০। ৭ম শ্রেণির ২০ জন ছাত্রের গণিতে প্রাপ্ত নম্বর নিম্নরূপ :

৩২, ৪৩, ৪৯, ৩৫, ৫০, ৫৬, ৮০, ৬০, ৫০, ৬২, ৫২, ৪২, ৩৬, ৮৫, ৮১, ৮০, ৪৬, ৮২, ৪৭, ৪৮।

ক) অবিন্যস্ত উপাত্ত কাকে বলে? উদাহরণ দাও। ২

খ) ৫ শ্রেণীব্যপ্তি নিয়ে সারণী তৈরি কর। ৪

গ) উপাত্ত সমূহের গড় নির্ণয় কর। ৪

১১। কোন শহরের জানুয়ারী মাসের ৩১ দিনের তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস) নিচে দেয়া হল।

১৪, ১০, ২০, ২৫, ২২, ২০, ১৮, ১২, ১৪, ৯, ১০, ১১, ২০, ২২, ১৮, ১৪, ১২, ১৫, ১২, ১৪, ১৬, ১৮, ১৫, ১০, ১২, ১৪, ১১, ২১, ১৪, ২০, ১৮

ক) মাধ্যমিক উপাত্ত কাকে বলে? ২

খ) প্রদত্ত উপাত্ত সমূহের গণসংখ্যা সারণি তৈরি কর। ৪

গ) প্রদত্ত উপাত্ত সমূহের গড় নির্ণয় কর। ৪

# Evaluation Examination- 2020

## Class : Seven

## Sub : English 1st Paper

Time : Full marks – 100

**Part-A : (45 marks)**

1. **Read the passage and answer the question. English for today. Now choose the best answer :** **0.5×10 = 5**

a) Which one of the following words has a similar meaning of 'ceremony'?
(i) relaxation (ii) occasion (iii) leisure (iv) pastimes

b) Prizes were also neatly displayed on a seperate table on the dias. What does 'neatly' means?
(i) cleverly (ii) conciously (iii) tidily (iv) inexpertly

c) Flora wants to know about the___of Farabi school.
(i) prize giving ceremony (ii) annual sports day
(iii) new year celebration (iv) mothers day

d) Why did the students get the prizes for__
(i) for this basic skills (ii) for their social status
(iii) for good behaviour (iv) for outstanding activities

e) He highly praised the over all performance of the school. Here 'praise' refers to___
(i) rubuke (ii) criticise (iii) bless (iv) admire

f) How was the school auditorium decorated?
(i)Simply (ii)Gorgeously (iii)Outstandingly (iv) Brightly

g) Where did the ceremony take place?
(i) In school field (ii) In public auditorium
(iii) In school auditorium (iv) In public place

h) Who highly praised about the school's overall performance?
(i) The eminent persons (ii) The Headteacher
(iii) The chief guest (iv) The guardians

i) Farabi got one prize for good result and the another one for_
(i) general knowledge (ii) debate competition
(iii) sports (iv) regular attendance

j) ___read the annual report.
(i) The Headteacher (ii) The Chief Guest
(iii) The guardian (iv) The eminent persons

2. **Read the text and answer the following questions :** **2×5 = 10**

a) Who asks question in the class?
b) How does the page start?
c) Who gave thank to Rupa? And why?
d) What does the teacher want to teach?
e) Who desires to write down on the board?

**3. Read the text and answer the following question :**

Charles Babbage was an English mathematician. He was the first key role player of inventing computer. He was born on 16 December 1791 in London. He entered Trinity College in October, 1810. He achieved Arts honours without examination in 1814. He was elected Royal Fellow of the society in 1816. From 1828 to 1839 he was the professor of mathematics in Cambridge University. He was a famous mathematician of his time. He became famous for inventing mechanical computer in 1822. This great person left the world in October 1871.

A. Complete the following table with the information given in the passage. **1×5 = 5**

| Name of the events | Place | Time | Contribution |
|---|---|---|---|
| Born | London | (a)....... | |
| (b) ....... | | October 1810 | |
| | | 1828 to 1839 | (c) ....... |
| | | 1822 | (d) ....... |
| (e) ....... | | 1871 | |

Read the text and answer the following question.

Sir Isaac Newton was born on December 25, 1642 in Woolsthorpe, near Grantham in Lincolnshire, England. He was born in the same year that Galileo died. Newton is probably the most important scientist in the history. Newton published his work in two books. 'Principia' is one of those books. Newton studied at Trinity College, Cambridge, from 1661 to 1696. In this period, he produced most of his important works. Then, in 1696, he moved to London, where he lived until his death on March 20, 1727.

B. Write (T) in your answer script if the statement is true. Write (F) if the statement is false. If false, give the correct answer. **1×5 = 5**

a) Galileo died in 1642.
b) Newton lived in London from 1661 to 1696.
c) The book 'Principia' published by Newton is the best.
d) Newton produced most of his important works during his student life at Trinity College, Cambriage.
e) Newton died at the age of 75.

**4. Read the text below and complete it with suitable words given in the box. 1×5 = 5**

| | | | | |
|---|---|---|---|---|
| discipline | many | benefit | kinds | free |
| fit | necessity | morning | such | some |

There are various (a)___of physical exercise (b) ___as indoors and outdoors. In the house, we can do some (c) ___hand exercises. That is why we can stretch (d)___ part of our body. Outside, we can play, swim or walk in the (e) ___. The (f) ___ of physical exercise are (g) ___. The (h) ___of them is to keep us (i) ___ for work. It also gives us energy and makes us strong and cheerful. It teaches us regularly (j) ___as well.

**5. Match the texts given in column 'A' and column 'B' to write five complete sentences. 1×5 = 5**

| Column A | Column B |
|---|---|
| i) Global warming has | the Earth's surface. |
| ii) It melts ice on | their cultivable lands. |
| iii) As a result this causes | many harmful effeets. |
| iv) Natural disasters lose | also the results of global warming. |
| v) Natural disasters are | a flood in many parts of the world. |

**6. Rearrange the following sentences in correct order in your answer script. Only the corresponding number of the sentences need to be written. 1×10= 10**

a) But the guests praised Hatem Tai also.
b) Long ago there lived a very kind and generous man in yemen.
c) The guests praised the king.
d) People praised him more than their king.
e) He was not rich but he was very hospitable.
f) So the king felt happy and proud.
g) One day the king gave a dinner.
h) This made the king angry.
i) So the king wanted to have him removed from the world.
j) The name of that man was Hatem Tai.

## Part-B : (40 marks)

**7. Complete the following story and give a title of it. 10**

Bayazid was a small boy. His mother was ill. One night his mother wokeup and said him to give a glass of water......

8. Write a letter to your friend describing the importance of Physical Exercise. **10**

**9. Write a dialogue between two friends about their hobbies. 10**

**10. Wrie a paragraph on "Your Firstday at School." 10**

## Part-C

**11. Write word meaning (Any five) 1×5 = 5**

wrath, sight, refusal, impudence, hawks, dolefully, boughs, coverlet.

**12. Answer the following questions.(Any five) 2×5 = 10**

a) What kind of a man was currado?
b) Why did the cook and his friend quarrel?
c) Why did the cook serve the crane at the supper table with only one leg?
d) How were the cranes standing at the riverside? Why?
e) Why did the oldest trees of the forest shriek in terror?
f) What did the spruce beg of the west wind.
g) How did the old Birch look?

# Evaluation Examination- 2020

## Class : Seven

## Sub : English 2nd Paper

Time – Full marks – 100

**A: English Grammar (20 marks)**

**1. Use the past simple tense in the following gaps. 1×5 = 5**

a) Last night we ___ no electricity in our locality. My father ___ some candles and we all___a candle light dinner. It___great fun.

b) He___play football in his youth.

**2. Use the future simple tense in the following gaps. 1×5 = 5**

a) Next Saturday my uncle___ for Saudi Arabia.

b) The weather forecast says it___ rain tomorrow.

c) I___an umbrella if it rains.

d) The waiter says, ___I give you cold drinks. Sir?

e) I___you Sunday morning.

**3. Use present perfect Tense in following gaps. 1×5= 5**

a) Wow! It's a wonderful piece of drawing who___ (draw) it?

b) Could you please repeat what you___(say) just now?

c) I am very worried about my homework. I ___ (not finish) it yet.

d) There is a big museum in the city. ___ you ___there?

e) Plese tell me what exactly you___ done and what is yet to be done.

**4. Write the correct forms of 'be' verbs in the gaps. 1×5= 5**

a) My teachers___ all very qualified and trained.

b) Once his father___an ordinary farmer.

c) ___your mother a housewife.

d) You are asking the same questions repeatedly you___ silly.

e) You work in a bank. How long___ here?

**B : Brighter Grammar (25 marks)**

**5. Take out the relative pronouns `whom' or 'which' and rewrite the sentences putting the prepositions in their proper places. 1×5=5**

a) Who owns the house in front of which we are standing?

b) This is the train by which I came.

c) Do you know the boy to whom I am referring?

d) The children to whom you spoke are learning grammar.

e) The chair on which he sat had just been painted.

**6. Analyse the following complex sentences containing a main clause and an adverb clause. Say what kind of adverb clause it is and what function it performs** **1×5 = 5**

a) We couldn't play the match because the fog was too thick.
b) Although it was rather foggy, we played the match.
c) Russ Conway played the piano well though he couldn't use all his fingers.
d) If you will tell me the secret, I won't tell it to anyone else.
e) If I get all these sentences right, I'll have done well.

**7. What kind of clauses are the ones underlined.** **1×5=5**

a) Tell me <u>where you are going for your holiday</u>.
b) The place <u>where we stayed for our holiday</u> was right on the sea-coast.
c) That is the house <u>where Shakespeare was born</u>.
d) Tell me <u>who is coming</u> to the party.
e) <u>If that was the day</u>, it can't be a year ago.

**8. Turn the following from 'direct to indirect' speech.** **5**

a) Mother to Margaret : Have you finished your homework yet?
b) Jerney : Have you been using my toothpaste, Richard?
c) Richard's mother : Did you brush your teeth properly, Richard?
d) George : May & borrow your bicycle, John?
e) Stranger to Fred : Can you tell me where Mr. Huang lives?

**9. Write the following as indirect commands or requests :** **1×5 = 5**

a) Officer to soldiers : 'Bring the gun into position.'
b) Mary to John : 'Open the box for me, please.'
c) 'Release the prisoners', said the officer to the sergeant.
d) Teacher to Jeorge ; 'Be careful, Think before you answer.
e) The pirate chief said to the prisoner, 'Look at this and show me where the treasure is hidden.

## <u>C : Fundamental English (20 marks)</u>

**10. Put the following words from the box into the blanks that follow and write out the sentences. There are more words than needed.** **1×5 = 5**

| | | | |
|---|---|---|---|
| fiddle; | clear; | door-nail; | rain |
| hungry; | cucumber; | water; | partridge. |

a) as weak as___.
b) as ___ as a hawk.
c) as plump as a ___.
d) as ___as crystal.
e) as dead as a ___.

**11. Fit these five predicates to the subjects that follow.** **1×5 = 5**

i) is very fond of her brother ned.
ii) are to be found on the last page.
iii) went to a meeting of boy scouts.
iv) wears a special badge.
v) cannot be played on a wet and muddy field.

a) The captain of the school___.
b) The little girl with black curly hair___.
c) A good game of cricket or hockey___.
d) Tom Smith and his companions___.
e) The most difficult sums in the book___.

**12. Write out each of the following sentences with a short word instead of the word in underline.** **1×5= 5**

a) A pin has a sharp point and a <u>diminutive</u> head.
b) Bad news makes a man <u>melancholy</u>.
c) He was plunged in <u>profound</u> sorrow.
d) The master had to <u>reprimand</u> his pupil.
e) The best speech was made at the <u>termination</u>.

**13. Here is a list of words. Write out the sentences. Putting one of these words in the place of the words in underline.** **1×5= 5**

| | | |
|---|---|---|
| crowd | dirver | now |
| daily | generally | onlookers |
| disarranged | junction | rarely |

a) The baker brings a fresh loaf <u>everyday</u>.
b) We beheld a large <u>number of people gathered together</u>.
c) He comes to see us <u>once in a blue moon</u>.
d) I am unable to do this<u> at the present time.</u>
e) The <u>people who were looking on</u> cheered wildly.

## D. Paragraph Writing : (10 Marks)

**14. Write a paragraph on any one of the following :** **1×10 = 10**

a) A Book Fair
b) A Railway Station

## E. Formal Letter : (10 Marks)

**15. Write an application on any one of the following :** **1×10= 10**

a) To the principal for a free studentship.
b) To the principal for setting up a canteen in your school.

## F. Composition : (15 Marks)

**16. Write a composition on any one of the following :** **1×10=15**

a) Student Life
b) Your Aim in Life.

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০

**শ্রেণি : সপ্তম**

**বিষয় : বিজ্ঞান**

**(সৃজনশীল)**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

[যে কোন সাতটি প্রশ্নের উত্তর দাও।)

১। P ও Q দুইটি পদার্থ মিলিত হয়ে R একটি নিরপেক্ষ যৌগ উৎপন্ন করেছে। Q এর ইলেকট্রন সংখ্যা ৮;

ক) কত সালে ডাল্টন পদার্থের কণা সম্পর্কে তাঁর মতবাদ দেন? ১

খ) H এবং $H_2$ এর মধ্যে পার্থক্য দেখাও। ২

গ) P ও Q পদার্থ দুইটির পরমাণুর গঠন চিত্রের মাধ্যমে দেখাও। ৩

ঘ) R যৌগটির সংকেত থেকে কি বুঝা যায়। তা বিশ্লেষণ কর। ৪

২। নিচের ছকটি লক্ষ কর ঃ

| ক্রমিক নং | ১ | ২ |
|---|---|---|
| পদার্থ | $NaCO_3$ সোডিয়াম কার্বনেট | $Fe_2O_3$ ও $H_2O$ মরিচা |

ক) অনু কাকে বলে? ১

খ) O এবং $O_2$ এর মধ্যে দুইটি পার্থক্য লেখ। ২

গ) উদ্দীপকের ১নং পদার্থটির সংকেত থেকে আমরা কি কি জানতে পারি? ব্যাখ্যা কর। ৩

ঘ) রাসায়নিক বিক্রিয়ার মাধ্যমে উদ্দীপকের ২নং পদার্থটির গঠন প্রক্রিয়া ও এর ক্ষতিকর দিক উল্লেখপূর্বক রোধের উপায় বর্ণনা কর। ৪

৩। নিচের ছকটি দেখ ঃ

| A শৈবাল | B ছত্রাক | ব্যাকটেরিয়া |
|---|---|---|

ক) বি.সি.জি কী? ১

খ) শল্ক পত্রের কাজ লিখ। ২

গ) উদ্দীপকের B জীবটির অর্থনৈতিক গুরুত্ব বর্ণনা কর। ৩

ঘ) উদ্দীপকের A ও C জীবের ৪টি করে উপকারিতা লেখ। ৪

৪। শিহাব তার মামার সাথে পুকুরে মাছ ধরতে গিয়ে পানিতে এক ধরনের নিমজ্জিত সবুজ উদ্ভিদ দেখতে পেল। তার মামা তাকে বললেন এই প্রজাতির উদ্ভিদ অর্থনৈতিকভাবে বেশ গুরুত্বপূর্ণ।

ক) ঈস্ট কী? ১

খ) সিস্ট বলতে কী বুঝায়? ২

গ) শিহাবের দেখা নিমজ্জিত উদ্ভিদটি সম্পর্কে বর্ণনা কর। ৩

ঘ) শিহাবের মামার কথার সাথে তুমি কি একমত পোষণ কর? তোমার মতামতের কারণ বিশ্লেষণ কর। ৪

৫।

| গ্রুপ-১ | গ্রুপ-২ | গ্রুপ-৩ |
|---|---|---|
| এক্যারিওটা | প্রোক্যারিওটা | ইউক্যারিওটা |

উপরের চিত্রটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :


ক) অ্যামিবার বৈজ্ঞানিক নাম লেখ। ১

খ) ব্যাকটেরিয়াকে আদিকোষী বলা হয় কেন? ২

গ) উদ্দীপকের ১নং গ্রুপের একটি অণুজীবের গঠন বৈশিষ্ট্য চিত্রসহ বর্ণনা কর। ৩

ঘ) উদ্দীপকের ৩নং গ্রুপের একটি অণুজীবের অর্থনৈতিক গুরুত্ব বর্ণনা কর।৪

৬।




ক) স্নায়ুতন্ত্রের প্রধান অংশ কী? ১

খ) কানেকটিভ টিস্যু কী? ব্যাখ্যা কর। ২

গ) চিত্রের কোষটি অন্যান্য অঙ্গের সাথে কীভাবে সমন্বয় করে তা বর্ণনা কর। ৩

ঘ) চিত্রের কোষটির কাজে ব্যাঘাত ঘটলে কী ঘটতে পারে? ব্যাখ্যা কর। ৪

৭। সজীব সুন্দরবনে গিয়ে দেখল, উদ্ভিদের প্রধান মূল হতে এক বিশেষ ধরনের ক্ষুদ্র ক্ষুদ্র ছিদ্র বিশিষ্ট শাখামূল মাটির উপরে উঠে আসে। আবার তার বাড়ির পাশে কিছু উদ্ভিদের কাক্ষিক মুকুল শাখায় পরিণত না হয়ে মাংসপিণ্ডের আকার ধারণ করে।

ক) কণ্টক পত্র কী? ১

খ) শাখা আকর্ষী বলতে কী বোঝ? ২

গ) সজীবের দেখা রূপান্তরিত মূলের চিহ্নিত চিত্র অঙ্কন কর। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত রূপান্তরিত মূল ও কাণ্ডের বর্ণনা দাও। ৪

৮।



চিত্র-১ চিত্র-২ চিত্র-৩ চিত্র-৪

ক) ধাবক কী? ১

খ) কলসি উদ্ভিদকে পতঙ্গ ফাঁদ বলা হয় কেন? ২

গ) চিত্র-১, চিত্র-২ ও চিত্র-৩ এর বৈশিষ্ট্য বর্ণনা দাও। ৩

ঘ) চিত্র-৪ এর উদ্ভিদের মূল ব্যতিক্রমী ও বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ–উক্তিটি মূল্যায়ন কর। ৪

৯। পৃথিবীর সকল প্রাণী ও উদ্ভিদ শ্বসন প্রক্রিয়ার মাধ্যমে তাদের জীবন ধারণের জন্য প্রয়োজনীয় শক্তি উৎপন্ন করে। এই শক্তি ব্যবহার করেই তারা খাদ্য আবরণ করে, শ্বাস-প্রশ্বাস চালায়। নড়াচড়া করে এমনকি শ্বসন প্রক্রিয়া সম্পন্ন করে। সকল জীবের সকল কোষে সব সময় শ্বসনকার্য ঘটে।

ক) স্টোমেটা কী? ১

খ) ফুসফুসের কাজ উল্লেখ কর। ২

গ) তোমার শরীরে উল্লেখিত প্রক্রিয়াটি কীভাবে ঘটে চিত্রের ম্যামে প্রকাশ কর। ৩

ঘ) উল্লিখিত প্রক্রিয়ায় অংশগ্রহণকারী উপাদানগুলোর কাজ বিশ্লেষণ কর। ৪

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি : সপ্তম**

**বিষয় : বাংলাদেশ ও বিশ্ব পরিচয়**

**(সৃজনশীল)**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

যে কোন ৭টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে।

১। ফারুক সাহেবের এলাকার প্রায় ৮০% লোক শিক্ষিত। গত নির্বাচনে করিম ও রহমানের মধ্যে করিম যোগ্য বলে ফারুক সাহেবের এলাকার মানুষ তাকে নির্বাচিত করেন। নির্বাচিত হওয়ার পর থেকে তিনি এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজে দলীয় লোকের পরিবর্তে যোগ্য ব্যক্তিদের অগ্রাধিকার দিয়ে থাকেন।

ক) বুদ্ধিমত্তা লাভের সবচেয়ে বড় উপায় কোনটি? ১

খ) বিবেক বলতে কী বোঝায়? ২

গ) ফারুক সাহেবের এলাকার নাগরিকদের মধ্যে কোন ধরনের কর্তব্য পরায়ণতা লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) "করিম একজন সুনাগরিক"−বিশ্লেষণ কর। ৪

২। সুলতান সাহেব একজন সৎ সরকারি কর্মকর্তা। তার ঘনিষ্ঠ বন্ধু মিরাজ তাকে একটি কাজে সহায়তা করার উদ্দেশ্যে ঘুম প্রদান করতে উদ্যত হয়। জনাব সুলতান তার প্রস্তাব প্রত্যাখ্যান করেন এবং বন্ধু মিরাজকে বলেন, এরূপ কাজ থেকে সবারই বিরত থাকা উচিত এবং দেশের স্বার্থে কাজ করা উচিত। জনাব মিরাজ তার ভুল বুঝতে পারেন এবং লজ্জিত হন।

ক) মৌলিক অধিকার কী? ১

খ) ধর্মান্ধতা সুনাগরিকতার একটি অন্তরায়−ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে সুনাগরিকতার কোন গুণটি জনাব সুলতানের মধ্যে রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত গুণটি ছাড়া সুনাগরিকের অন্যান্য গুণসমূহ ব্যাখ্যা কর। ৪

৩। গফুর ইছাখালি গ্রামের একজন কৃষক। তার নিজের জমি নেই। অন্যের জমিতে চাষ করে জীবিকা নির্বাহ করে। গফুরের ছেলে রহমান শহরে একটি পোশাক কারখানায় বউসহ কাজ করে এবং একটি ছোট বাসায় বসবাস করে।

ক) সামাজিকীকরণ কী? ১

খ) মাঝারি শিল্প বলতে কী বোঝ? ২

গ) গফুরের সংস্কৃতির ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ) গফুরের সংস্কৃতি ও রহমানের সংস্কৃতির তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

৪। রাজু ৭ম শ্রেণির একজন ছাত্রী। আজ শিক্ষিকা বাংলাদেশ ও বিশ্বপরিচয় ক্লাসে পড়ালেন মানুষ যুগ যুগ ধরে এই সংস্কৃতিকে লালন করে আসছে। মানুষের মুখে মুখে এই সংস্কৃতি এক প্রজন্ম থেকে আরেক প্রজন্মে ছড়িয়ে পড়তে থাকে। সময়ের সাথে সাথে এর অনেক কিছুই পরিবর্তিত হয়েছে।

ক) নাখাম কী? ১

খ) বৈসাবি বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকে কোন সংস্কৃতির কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ) উদ্দীপকে উল্লিখিত সংস্কৃতির বিভিন্ন ধারাগুলো বিশ্লেষণ করো। ৪

৫। পূর্ব বাংলার ছাত্র সংগ্রাম পরিষদ ১৯৪৮ সাল থেকে দীর্ঘ পাঁচ বছর একটি সাংস্কৃতিক আন্দোলন চালায়। যা ১৯৫৬ সালে নিজ ভূখণ্ডে ও ১৯৯৯ সালে বিশ্ব ভূমণ্ডলে আন্তর্জাতিক স্বীকৃতি পায়। আমাদের মুক্তি সংগ্রামের প্রথম সফলতা হিসেবে তা গৃহীত হয়।

ক) পাকিস্তানের প্রথম গভর্নর কে ছিলেন? ১

খ) যুক্তফ্রন্ট গঠিত হয় কেন? ২

গ) উদ্দীপকে সংঘটিত আন্দোলন কোন প্রেক্ষাপটে সংঘটিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপকে সংঘটিত ঘটনাই ছিল স্বাধীনতা সংগ্রামের অনুপ্রেরণা"—তোমার মতামতের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। দৃশ্যকল্প—১ ঃ ছয় দফা আন্দোলন

দৃশ্যকল্প—২ ঃ উনসত্তরের গণঅভ্যুত্থান

ক) ছয় দফা দাবি কে পেশ করেন? ১

খ) ৬ দফা ছিল মূলত স্বায়ত্তশাসনের দাবি—ব্যাখ্যা কর। ২

গ) ৬ দফা দাবির প্রতিক্রিয়া তোমার পাঠ্য পুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) দৃশ্যকল্প—২ এর তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

৭। কবিতা ও মিতা দুই বান্ধবী। কবিতা'র বাসায় মা, বাবা আর একজন ছোট ভাই থাকে। কবিতা বান্ধবী মিতার বাসায় বেড়াতে গিয়ে দেখল যে তাদের বাড়িতে চাচা-চাচি, দাদা-দাদি, বাবা-মা সহ অনেক সদস্য আছে এবং একসাথে খাবার খান। এতে কবিতা'র খুব ভালো লাগল।

ক) সামাজিকীকণ কী? ১

খ) শিশুর ভাষা শিক্ষার প্রথম মাধ্যম 'মা'—ব্যাখ্যা কর। ২

গ) কবিতা'র পরিবার কোন ধরনের পরিবার? ব্যাখ্যা কর। ৩

ঘ) "সামাজিকীকরণের ক্ষেত্রে মিতার পরিবারের ভূমিকা বেশি"— এ বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মতামত দাও। ৪

৮। মনি বিশ্ববিদ্যালয়ের ছাত্রী। তার বাড়ি সিলেট জেলায়। সে গোপী নাচে খুব দক্ষ। অন্যদিকে তার বান্ধবী কবিতার বাড়ি পার্বত্য চট্টগ্রামে। সে পিনোন নামের এক ধরনের পোশাক পরে। এছাড়া হাতে বালা পরাও তার খুব পছন্দ।

ক) সাংস্কৃতিক বৈচিত্র্য কী? ১

খ) গোপী নাচ বলতে কী বোঝায়? ২

গ) মনি কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রতিনিধিত্ব করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) কবিতার পোশাক পরিচ্ছদে বৈচিত্র্য রয়েছে— ব্যাখ্যা কর। ৪

৯। শৈশব এবং কৈশোরে শিশুরা পরিবার থেকে যা শিখে তা মৃত্যু পর্যন্ত চলতে থাকে। শিশুর সামাজিকীকরনে পরিবারের অবদান অনস্বীকার্য।

ক) সবচেয়ে গুরুত্বপূর্ণ সামাজিক প্রতিষ্ঠান কী? ১

খ) পরিবারের ধারণা ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে কোন প্রক্রিয়ার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'উক্ত প্রক্রিয়ায় সবচেয়ে গুরুত্বপূর্ণ মাধ্যম পরিবার'— পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। দৃশ্যকল্প—১ ঃ উপকূলীয় অঞ্চলে ১০নং বিপদ সংকেত। গ্রামবাসীরা আশ্রয়কেন্দ্রে আশ্রয় নিল। কিছুক্ষণের মধ্যে প্রচণ্ড বেগে ধেয়ে আসা বাতাস ও পানি গ্রামটিকে লণ্ডভণ্ড করে দিল।

দৃশ্যকল্প—২ ঃ উত্তরাঞ্চলের একটি গ্রামে প্রাকৃতিক দুর্যোগের ফলে কৃষি জমিগুলো শুকিয়ে যাচ্ছে।

ক) বাংলাদেশ কোন অঞ্চলে অবস্থিত? ১

খ) পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে কেন? ২

গ) দৃশ্যকল্প-১ এ কোন দুর্যোগের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) দৃশ্যকল্প-২ এ দেখানো দুর্যোগের ক্ষয়ক্ষতি কমাতে কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা যায়। মতামত দাও। ৪

১১। পৃথিবী দিনদিন উত্তপ্ত হয়ে পড়ছে। কিছুদিন আগে নেপালে একটি প্রাকৃতিক দুর্যোগ সংঘটিত হয়। যার ফলে বাংলাদেশ ও ভারত কেঁপে ওঠে। অনেক মানুষ আতঙ্কে দৌড়াদৌড়ি করতে গিয়ে মারা যায়। নেপালে ধ্বংসস্তুপে আটকা পড়ে মারা যায় অসংখ্য লোক। ধূলিসাৎ হয়ে যায় অনেক প্রাচীন স্থাপনা।

ক) গ্রিন হাউস গ্যাস কী? ১

খ) 'গ্রিন হাউস' প্রতিক্রিয়া ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে সংঘটিত প্রাকৃতিক দুর্যোগের ভয়াবহতা বর্ণনা কর। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত দুর্যোগ মোকাবিলার জন্য কোন কোন পদক্ষেপ গ্রহণ করতে হবে বলে তুমি মনে কর। ৪

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০

## শ্রেণি : সপ্তম

## বিষয় : কৃষি শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

[যে কোন সাতটি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। গণি মিয়া নিজ সংরক্ষিত বীজ থেকে ফসল উৎপাদন করেন। পক্ষান্তরে তার বন্ধু আদির সাহেব এবার সরকারি সিলমোহরযুক্ত বীজ ক্রয় করে ফসল উৎপাদন করেছেন।

ক) সেচ কাকে বলে? ১

খ) মাঠ প্রযুক্তি বলতে কি বুঝায়? ২

গ) আদিল সাহেবের বীজের উৎপাদনের ধাপগুলো বর্ণনা কর। ৩

ঘ) উদ্দীপকের কৃষক দুইজনের মধ্যে কার এবং কেন ফসল উৎপাদন বেশি হবে? বিশ্লেষণ কর। ৪

২। আমরা প্রযুক্তির যুগে বাস করি। জমিতে পানির ঘাটতি হলে সেচ না দিলে ফসল উৎপাদন সম্ভব নয়। কিন্তু এই সেচের পানিরও বিভিন্নভাবে অপচয় হয়ে থাকে।

ক) বীজ কাকে বলে? ১

খ) বীজ শোধন বলতে কি বুঝায়? ২

গ) অনুস্রবনের মাধ্যমে সেচের পানির অনেক অপচয় হয় ব্যাখ্যা কর। ৩

ঘ) সেচের পানির অপচয় রোধ করার মাধ্যমে কিভাবে এর কার্যকারিতা বৃদ্ধি করা যায়-তা তোমার যুক্তি দ্বারা বুঝায়ে লেখ। ৪

৩। 'ক' একজন চাষী। তিনি প্রতিবছর শীতকালীন সবজী চাষ করেন এবং প্রচুর অর্থ উপার্জন করেন। এ বছর তিনি সবজির বীজ তলায় কিছু পোকামাকড় ও রোগবালাই দেখতে পেলেন। কৃষি কর্মকর্তার সাথে যোগাযোগ করলে তিনি এ ব্যাপারে পরামর্শ দেন।

ক) বীজ কাকে বলে? ১

খ) রোগিং বলতে কি বুঝায়? ২

গ) 'ক' কিভাবে তার ফসলের বীজতলা তৈরি করবে? তা ব্যাখ্যা কর। ৩

ঘ) কৃষি কর্মকর্তা উল্লিখিত ফসলের বীজতলার সমস্যা সমাধানে যে পরামর্শ দিয়েছিলেন তা বর্ণনা কর। ৪

৪। গফুর সাহেব চাকুরি থেকে অবসর গ্রহণের পর একটি খামার গড়ে তোলেন। তার গরুগুলো ভালভাবে বেড়ে উঠলেও কিছু গরুর চামড়ায় ক্ষত দেখা দেয়।

তিনি লক্ষ করলেন, ক্ষতের রক্ত সহজে বন্ধ হয় না। তাই তিনি চিন্তিত হয়ে পড়েন।

ক) মুখ্য পুষ্টি উপাদান কয়টি? ১
খ) উদ্ভিদ কি কি উৎস হতে ১৭টি পুষ্টি উপাদান গ্রহণ করে? ২
গ) উদ্দীপকের প্রথম সমস্যার কারণ বর্ণনা কর। ৩
ঘ) উদ্দীপকের দ্বিতীয় সমস্যার প্রতিকার বিশ্লেষণ কর। ৪

৫। গবাদি পশুকে সুষম খাবার খাওয়ানো অনেক জরুরি। রফিক মিয়ার খামারে ৪টি গাভী আছে। তিনি গাভীগুলোকে প্রতিদিন সুষম খাদ্য দিয়ে থাকেন। নিচে প্রতিটি গাভীর জন্য দৈনিক সুষম খাদ্যের তালিকা দেওয়া হলো ঃ

| উপাদান | পরিমাণ |
|---|---|
| সবুজ কাঁচা ঘাস | ১৫ কেজি |
| শুকনা খড় | ৩ কেজি |
| দানাদার খাদ্য মিশ্রণ | ২ কেজি |
| লবণ | ৫৫ গ্রাম |

ক) শুধু খড় খাওয়ালে প্রতি ১০০ কেজি ওজনের গাভীর জন্য কত কেজি খড় দিতে হয়? ১
খ) সম্পূরক খাদ্য বলতে কি বুঝায়? ২
গ) রফিক মিয়ার পালিত প্রাণীগুলোর জন্য এক সপ্তাহের সর্বনিম্ন খাদ্যের তালিকা তৈরি কর। ৩
ঘ) গবাদিপশু পালনে রফিক মিয়ার তৈরি খাদ্যের গুরুত্ব বর্ণনা কর। ৪


৬। অনেকগুলো জিনিস একত্রে পচিয়ে বা কখনো একটিমাত্র উপাদান দ্বারাও কম্পোস্ট সার তৈরি করা যায়। দুই পদ্ধতিতে এ সার তৈরি করা যায়। যথা– (১) স্তুপ পদ্ধতি ও (২) পরিখা পদ্ধতি।

ক) উদ্ভিদের গৌণ পুষ্টি উপাদান কয়টি? ১
খ) জৈবসার বলতে কি বুঝায়? ২
গ) পরিখা পদ্ধতিতে কম্পোস্ট সার তৈরির চিত্রটি অংকন কর। ৩
ঘ) পরিখা পদ্ধতিতে কিভাবে কম্পোস্ট সার তৈরি করা যায় তা বর্ণনা কর। ৪

৭। শশাংক বাবু তাঁর জমিতে বিভিন্ন প্রকার মাঠ ফসল ও উদ্যান ফসল এর চাষ করেছেন। নতুন ধান উঠায় তার পরিবার সহ সবাই নবান্ন উৎসবে মেতে উঠল।

ক) উদ্যান ফসল কাকে বলে? ১
খ) বাংলা নববর্ষ বলতে কি বুঝায়? ২
গ) শশাংক বাবুর কার্যক্রম কিভাবে খাদ্য চাহিদা মেটাতে সাহায্য করে? ব্যাখ্যা কর।৩
ঘ) উল্লিখিত উৎসবের সাথে শশাংক বাবুর কৃষি কাজের সংশ্লিষ্টতার বর্ণনা কর। ৪

৮। ছকটি লক্ষ কর :




ক) হালখাতা কি? ১
খ) ফুল বলতে কি বুঝায়? ২
গ) উদ্দীপকের '?' চিহ্নিত স্থানে কোনটি নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকের '?' চিহ্নিত স্থানের বিষয়টিকে বাদ দিয়ে আধুনিক সভ্যতা অচল–বিশ্লেষণ কর। ৪

৯। সফি একটি টিভি চ্যানেলে কৃষি বিষয়ক অনুষ্ঠান "সবুজ বাংলাদেশ" দেখছিল। অনুষ্ঠানের শুরুতে বাংলাদেশে স্ট্রবেরি চাষ এবং পরে ফুলচাষ এর উপর বিশেষ প্রতিবেদন দেখানো হয়।

ক) কাকে কেন্দ্র করে আমাদের পরিবার ও সমাজ গঠনের সূচনা হয়েছিল? ১
খ) দুইটি নির্মাণ সামগ্রীর নাম লেখ। ২
গ) সফির দেখা প্রতিবেদনে উক্ত ফল চাষ জনপ্রিয় হওয়ার কারণ বর্ণনা কর। ৩
ঘ) নগর জীবনে প্রতিবেদনের দ্বিতীয় ফসলের গুরুত্ব বর্ণনা কর। ৪

১০। মিজান সাহেবের বাড়ির আঙ্গিনায় কয়েকটি পেঁপে গাছ ছিল। কিন্তু আকস্মিক বন্যার জন্য বাড়ির আঙ্গিনা পানির নিচে চলে যায়। সপ্তাহ খানেক পর দেখলেন পেঁপে গাছগুলো মরে যাচ্ছে।

ক) তাপমাত্রা কাকে বলে? ১
খ) পানি সেচের ৪টি পদ্ধতির নাম লেখ। ২
গ) পেঁপে গাছগুলো মরে যাওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ) পানি নিকাশ ব্যবস্থার গুরুত্ব বর্ণনা কর। ৪

গ) রহিমা বেগম ইসলামের কোন বিধান পালন করলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ) উক্ত বিষয়টির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

১১। প্রত্যেক মানুষের জীবনে এমন একটি সালাত আসবে যে সালাতে কোন রুকু সিজদা নেই। জন্মের সাথে সাথে উভয়কালে আযান ও একামত প্রদান করে নবজাতককে স্মরণ করিয়ে দেয়া হয় যে এমন একটি সালাতের দিকেই প্রতিনিয়ত ধাবিত হচ্ছো। যার (সালাতের) মাধ্যমে পার্থিব জীবনের সমাপ্তি ঘটানো হবে।
ক) সপ্তাহের উত্তম দিন কোনটি? ১
খ) সাওম বলতে কি বুঝায়? ২
গ) উদ্দিপকের বিষয়টিতে কোন সালাতের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দিপকের সালাত আদয়ের গুরুত্ব বর্ণনা কর। ৪

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি : সপ্তম**

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা**

**(সৃজনশীল)**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

**যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও ঃ**

১। সমাজপতি সুলতান মিয়ার ভয়ে এলাকার মানুষ তটস্থ থাকে। তিনি মানুষের সাথে সবসময় খারাপ ব্যবহার করে। তার ব্যবসা প্রতিষ্ঠানে কর্মরত আরিফুলকে সালাত আদায় করতে নিষেধ করে বলেন, 'সালাত আবার কিসের জন্য, কাজ কর তাহলেই সুখ পাবে'। কিন্তু আরিফুল নিয়মিত সালাত আদায় করেন এবং তার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করেন। অবশেষে সুলতান মিয়া আরিফুলের দায়িত্বশীলতায় খুশি হন এবং তাকে পদোন্নতি দেন।
ক) তাওহিদ অর্থ কি? ১
খ) 'আর তাঁরা (মুত্তাকিগণ) আখিরাতের উপর দৃঢ় বিশ্বাস স্থাপন করে' আয়াতটি ব্যাখ্যা কর। ২
গ) নামাযের প্রতি সুলতান মিয়ার মনোভাব ইসলামের দৃষ্টিতে কিসের শামিল? ব্যাখ্যা কর। ৩
ঘ) যে মূল বিশ্বাসের ফলে আরিফুল নামাযে দৃঢ় ও দায়িত্বশীল– তা বিশ্লেষণ কর। ৪

২। শাহিদা ওসাকিয়া এ বছর এস.এস.সি পরীক্ষার্থী। শাহিদা তার সকল কাজে আল্লাহর কাছে সাহায্য চায়। কেননা সে বিশ্বাস করে সকল প্রশংসা ও ইবাদত তাঁর জন্য নির্ধারিত। এবং তিনি সকল গুণের আধার। সাকিয়া নিয়মিত লেখাপড়া করে না। সে মনে করে আল্লাহর পাশাপাশি অপর কোন গুণ সম্পন্ন সত্তার কাছে সাহায্য প্রার্থনা করলেই পরীক্ষায় সফল হওয়া যাবে।
ক) মুশরিকা কাকে বলে? ১
খ) আসমানী কিতাব বিশ্বাস করতে হবে কেন? ২
গ) শাহিদার বিশ্বাস কিরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ) সাকিয়ার ধারণাটি তোমার পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩। আবরার ও খালেদ দুই বন্ধু। আবরার ইচ্ছাকৃতভাবে অমুসলমানদের অনুকরণ করেন এবং তাদের ধর্মীয় চিহ্ন ব্যবহার করেন। অন্যদিকে খালেদ আল্লাহ্ তায়ালার পাশাপাশি বিত্তবানদেরকে রিযিকদাতা মনে করেন এবং ফেরেশতাদের জগৎ পরিচালনাকারী হিসেবে মনে করেন।
ক) 'কুফর' শব্দের অর্থ কি? ১

খ) 'কুফর মানব সমাজে অনৈতিকতার প্রসার ঘটায়'– ব্যাখ্যা কর। ২

গ) আবরার সাহেবের কর্মকাণ্ড কীসের অন্তর্ভুক্ত? ৩

ঘ) খালেদ সাহেবের বিশ্বাসের পরিণতি কুরআনের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। জসিম আল্লাহ্ তায়ালাকে বিশ্ব নিয়ন্ত্রক হিসেবে বিশ্বাস করলেও অনন্ত জীবনের প্রতি সন্দেহ পোষণ করে। এ কথা জানতে পেরে মসজিদের ইমাম সাহেব বলেন, এরূপ বিশ্বাস ইসলামের বিপরীত ইসলামের প্রতিটি মৌলিক বিষয়ের প্রতি বিশ্বাস রাখলেই মোমিন হওয়া যায়।

ক) ইমান শব্দের অর্থ কি? ১

খ) ইসলাম ১টি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা? বুঝিয়ে লিখ। ২

গ) জসিমের মনোভাবে কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) "ইমাম সাহেবের মতামত যথার্থ"–বিশ্লেষণ কর। ৪

৫। জনাব বাবুল সাহেব বিপদে পড়ে দিশেহারা হয়ে বিপদমুক্তির জন্য মাজারে ছুটে গেল। তার বন্ধু মিযান তাকে ধৈর্য্য ধারণ করে আল্লাহর সাহায্য কামনার কথা বললেন।

ক) বহু ইলাহ থাকলে কি ঘটত? ১

খ) তাকদীরের প্রতি বিশ্বাস বলতে কি বুঝ? ২

গ) জনাব বাবুল কি ধরনের অন্যায় করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'জনাব মিযানের কথার মাধ্যমে তাওহিদের গুরুত্ব ফুটে উঠেছে'-কথাটির সাথে তুমি কি একমত? যুক্তি দাও। ৪

৬। ঈদের দিন, সবাই আনন্দ-উল্লাসে মুখরিত। হঠাৎ খবর এলো পাশের বাড়ির মাহফুজ আর নেই। মূহূর্তের মধ্যেই সবার আনন্দ কোথায় যেন হারিয়ে গেল। কান্নায় ভেঙে পড়ল তার বন্ধু আসিফ ও হানিফ। খেলার সাথী মাহফুজ হঠাৎ এভাবে তাদের কাঁদিয়ে চলে গেল না ফেরার পথে। পাপ-পূণ্যের হিসাব অনুযায়ী তার ঠাঁই হবে জান্নাত বা জাহান্নামে। অনন্তকাল ধরে সেখানেই তাকে থাকতে হবে।

ক) ওহি কি? ১

খ) সিরাত কাদের জন্য আলোকিত হবে? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দিপকের মাহফুজের মৃত্যুর ঘটনা আমাদের ইমানের কোন বিষয়টিকে মনে করিয়ে দেয় ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত বিষয়টি অবিশ্বাসের পরিণতি অত্যন্ত ভয়াবহ মতামতসহ বিশ্লেষণ কর। ৪

৭। রশিদের বড় ভাইয়ের ঘুম ভাঙল ভোরের আযান শুনে। তাড়াতাড়ি ওযু করে রশিদকে জাগালেন। বললেন চল মসজিদে যাই। রশিদ বলল, ভাইয়া মসজিদে কেন যাব। আমরাও ঘরে বসেই আল্লাহর ইবাদত করতে পারি। রশিদের বড় ভাই বললেন, না ঘরে বসে ইবাদত করার চেয়ে মসজিদে গেলে বেশী সাওয়াব পাওয়া যাবে।

ক) ইমাম কে? ১

খ) ইমামের কর্তব্য ব্যাখ্যা কর। ২

গ) উদ্দিপকে কোন ইবাদতের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) রশিদের বড় ভাইয়ের বক্তব্যের যর্থার্থতা নিরূপণ কর। ৪

৮। খলিল সাহেব নিয়মিত জামাতে সালাত আদায় করেন। জামাতে সালাত আদায়ের সময় একজন মুক্তাদি হিসেবে তার দায়িত্ব সুন্দরভাবে সম্পাদন করেন, ব্যবসায়িক কাজের জন্য দেশের বাইরে যাবেন, সপ্তা খানেক সময় লাগবে। সেখানে সালাত আদায়ের ব্যাপারে ইমাম সাহেবকে জিজ্ঞাসা করলে, ইমাম সাহেব বললেন, আপনি মুসাফিরের সালাত আদায় করবেন।

ক) ইবাদতের মূল লক্ষ্য কি? ১

খ) মাসবুকের সালাত বলতে কি বোঝায়? ২

গ) জামাতে সালাত আদায়ের সময় একজন মুক্তাদি হিসেবে খলিল সাহেবের কর্তব্য নির্ধারণ কর। ৩

ঘ) বিদেশে অবস্থানকালে খলিল সাহেব কিভাবে সালাত আদায় করবে? উদ্দিপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। জোহর নামায আদায় করে সালমা তার ছেলেমেয়েদেরকে বললেন, সামনেই তোমাদের জন্য একটি বরকতময় মাস আসছে। সে মাসে ইসলামের একটি মৌলিক ইবাদত রয়েছে। যা পালনের মাধ্যমে তোমরা তোমাদের কুপ্রবৃত্তিকে নিয়ন্ত্রণ করতে পারবে এবং অভুক্ত মানুষের প্রতি সহানুভূতিশীল হতে পারবে।

ক) সাহারী অর্থ কি? ১

খ) ঈদুল আযহা বলতে কি বোঝায়? ২

গ) সালমা তার সন্তানদের কাছে কোন ইবাদতের ইঙ্গিত প্রদান করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত ইবাদত সম্পর্কে সালমার মন্তব্য কি যথার্থ? পাঠ্য বিষয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

১০। ঈদের দিন, সবাই আনন্দ-উল্লাসে মহাব্যস্ত। এত মেহমান, এত কাজ তারপরও রহিমা বেগম তার কর্তব্যের কথা ভুলেননি, তিনি ইসলামী ফাউন্ডেশন কর্তৃক নির্ধারিত টাকা মাথা পিছু হিসেব করে পাশের বাড়ীর হাসিনার মাকে সকালেই দিয়ে দিলেন। যাতে তারাও ভাল কিছু কিনে খেতে পারে– হাসিনার মা টাকাটা পেয়ে অনেক খুশি হলেন।

ক) কখন ইফতার করা সুন্নত? ১

খ) ঈদুল আযহা বলতে কি বুঝায়? ২

খ) প্রভু যীশু খ্রিষ্টের দৈনন্দিন জীবন কেমন ছিল? ২

গ) অনল তার কাজে তার বৈশিষ্ট্যের দ্বারা অনুপ্রাণিত হয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) অনলকে কি তুমি ঈশ্বরের মহিমা লাভের উপযুক্ত বলে মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১। মাইকেল সাহেব তার নাতি জয়ের সাথে গল্প করছিলেন। তখন তিনি তাকে বলেন, তিনি শিশু অবস্থায় দীক্ষাস্নান সাক্রামেন্ত গ্রহণ করেছেন। কিন্তু ঈশ্বরের পুত্রের দীক্ষাস্নান ভিন্ন রকমের ছিল। কারণ তিনি বড় হয়ে দীক্ষাস্নান গ্রহণ করেছেন। তারপর তিনি ঈশ্বরের পুত্রের দীক্ষাস্নান ভিন্ন রকমের ছিল। কারণ তিনি বড় হয়ে দীক্ষাস্নান গ্রহণ করেছেন। তারপর তিনি ঈশ্বরের পুত্রের দীক্ষাস্নান গ্রহণের ঘটনাটি তার কাছে তুলে ধরেন। তিনি আরও বলেন, এর মাধ্যমে ঈশ্বরপুত্র দীক্ষাস্নান সংস্কারের একটি নতুন রূপ দান করেন।

ক) প্রভু যীশু কিসের মধ্য দিয়ে তার প্রকাশ্য জীবন শুরু করেন। ১

খ) একজন খ্রিষ্টভক্তের জীবনের দীক্ষাস্নানের গুরুত্ব কি? ২

গ) উদ্দীপকে মাইকেল সাহেব জয়ের কাছে যে বিষয়টি তুলে ধরেছেন তা পাঠ্য বইয়ে বর্ণিত কোন বিষয়টির প্রতি আলোকপাত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে মাইকেল সাহেবের সর্বশেষ উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০ খ্রিঃ

## শ্রেণি : সপ্তম

## বিষয় : খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান -৭০

**যে কোনো ৭টি সৃজনশীল প্রশ্নের উত্তর দাও ঃ** **৭×১০ = ৭০**

১। জুঁই ডেনির বাগদত্তা স্ত্রী। ডেনি গরিব হলেও ধার্মিক, ঈশ্বর ভীরু ও বিনয়ী লোক ছিলেন। তিনি সামান্য বেতনে একটা কারখানায় কাজ করতেন। তিনি নিজেকে তার স্ত্রীর অযোগ্য পাত্র মনে করলেন। তাই তিনি গোপনে তার স্ত্রীকে ত্যাগ করতে চাইলেন। তিনি ফাদারের কাছে গিয়ে সব খুলে বললেন। কিন্তু ফাদার ডেনিকে জুঁই সম্পর্কে বললেন, 'জুঁই একজন সরল, বিনয়ী ও ঈশ্বরভক্ত মেয়ে। তুমি জুঁইকে গ্রহণ করতে ভয় পেও না।' ফাদারের কথামতো ডেনি সবকিছু করলেন।

ক) যুদেয়া দেশের রাজার নাম কি? ১

খ) ঈশ্বর মারীয়ার গর্ভে কেন প্রিয়তম পুত্রকে প্রেরণ করেছিলেন? ২

গ) যোসেফের কোন বৈশিষ্ট্য ডেনি মধ্যে প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকটির যোসেফের ঘটনার সঙ্গে আংশিক মিল রয়েছে—তার স্বপক্ষে তোমার মতামত দাও। ৪

২। মানবজাতি বার বার ঈশ্বরের কাছ থেকে দূরে সরে গিয়েছে। তারা ঈশ্বরের অবাধ্য হয়েছে। ভাই ভাইকে খুন করে ঈশ্বরের প্রতি অবিশ্বস্ত হয়েছে। এভাবে তাদের পতন হয়েছে। মহান ঈশ্বর মানুষকে পাপ থেকে উদ্ধার করতে এবং তাঁর কাছে মানুষকে ফিরে যাওয়ার সুযোগ করে দিতে একটি মহাপরিকল্পনা করলে সেই পরিকল্পনা সার্থক করতে ঈশ্বরের অদ্বিতীয় পুত্র জন্মগ্রহণ করলেন। তিনি হলেন সেই খ্রিষ্ট জীবনময় ঈশ্বরের পুত্র।

ক) ঈশ্বরের মহাপরিকল্পনা কি? ১

খ) ঈশ্বর পুত্রের জননী হবার জন্য মারীয়াকে মনোনীত করা হলো কেন? ২

গ) উদ্দীপক "ঈশ্বরের অদ্বিতীয় পুত্র" বলতে কাকে বোঝানো হয়েছে? তার জন্ম ঈশ্বরের প্রতিশ্রুতি রক্ষার্থে—কথাটি বর্ণনা কর। ৩

ঘ) উদ্দীপকের শেষ কথাটি বিশ্লেষণ কর। ৪

৩। সীমা একটি পুত্র সন্তানের জন্ম দিল। তার এই পুত্রটি সবার চেয়ে আলাদা। পুত্র সন্তানটি কিছু আধ্যাত্মিক গুণের অধিকারী ছিল। তার স্পর্শে অনেক অসুস্থ মানুষ সুস্থ হতো। সে মানুষের কাছে সবসময় ধর্মের কথা বলত। ঈশ্বরকে ভক্তি করার কথা বলত। সে অত্যন্ত সংযমশীল জীবন যাপন করত।

ক) মারীয়া কেমন ছিলেন? ১

খ) ঈশ্বর কেন পরিকল্পনা করলেন মানুষের কাছে আসবেন? ২

গ) উদ্দীপকটি পাঠ্যবইয়ের কার সাথে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩

ঘ) সীমার পুত্রটি ঈশ্বরের প্রতিনিধি–মতামত দাও। ৪

৪। শিমন একটি সুন্দর খামার তৈরি করেছে। খামারে রয়েছে গরু, বিভিন্ন জাতের পাখি, হাঁস-মুরগি, চারা-গাছ ও বিভিন্ন রকম ফুলের বাগান। প্রতিনিয়ত সে অনেক আন্তরিকতা ও ভালোবাসা নিয়ে এগুলোর যত্ন নিয়ে থাকে। সে খামারের উন্নয়নের জন্য অনেক পরিশ্রম করে। গরুর দুধ ও বাগানের ফুল বিক্রি করে প্রচুর অর্থ উপার্জন করে। নিজের চাহিদা পূরণ করেও সে দরিদ্রদের সাহায্য দিয়ে থাকে। এ কাজের মধ্য দিয়ে শিমন ঈশ্বরের গৌরব ও প্রশংসা করছে।

ক) ষষ্ঠ দিনে ঈশ্বর কী সৃষ্টি করলেন? ১

খ) ঈশ্বর কেন মানুষ তাঁর প্রতিমূর্তিতে সৃষ্টি করেছেন? ২

গ) শিমন মানুষ হিসেবে কোন দায়িত্ব পালন করছে– ব্যাখ্যা কর। ৩

ঘ) শিমনের কর্মকাণ্ডে তাকে সৃষ্টির শ্রেষ্ঠ জীব বলা যায় কিনা–মূল্যায়ন কর।৪

৫। পলিন একজন স্কুল ছাত্রী। সে নানাভাবে তার চারপাশের পরিবেশকে দূষিত করে। সে কাজ করার সময় অতিরিক্ত পানি ব্যবহার করে। ময়লা আর্বজনা খোলা জায়গায় ফেলে। একদিন সে তার স্কুলের শিক্ষকের কাছ থেকে জানতে পারল যে, সৃষ্টির সকল কিছু উত্তম। অতএব, এর যত্ন নেওয়া সকলের উচিত। পলিন পরে তার ভুল বুঝতে পারল।

ক) মানুষের উত্তমতাকে ধরে রাখতে হলে কিসের উত্তমতাকে রক্ষা করতে হবে? ১

খ) মানুষকে সৃষ্টির শ্রেষ্ঠ জীব বলার পেছনের কারণ কি? ২

গ) উদ্দীপকের পলিনের চরিত্রটিতে কোন গুণ ফুটে উঠেছে চিহ্নিত কর। ৩

ঘ) "সৃষ্টির সকল কিছু উত্তম" ব্যাখ্যা কর। ৪

৬। পরমেশ্বর তাঁর নিজের প্রতিমূর্তিতে মানুষকে সৃষ্টি করেছেন। ঈশ্বর মানুষকে পুরুষ ও নারী হিসেবে সৃষ্টি করেছেন যেন তারা একে অপরের পরিপূরক হতে পারে। মানুষকে দিয়েছেন নিজের রূপ, প্রকৃতি ও স্বভাব। মানুষের মাঝে ঈশ্বর নিজেকে প্রকাশ করেছেন। মানুষের সাথে বন্ধুত্ব স্থাপন করলেন। আর এজন্যেই মানুষ সৃষ্টির শ্রেষ্ঠ জীব।

ক) ঈশ্বরের সকল মুক্তি পরিকল্পনার ভিত্তি কি?. ১

খ) শ্রেষ্ঠ সৃষ্টির সৌন্দর্য কীভাবে নষ্ট হয়েছে? ২

গ) "মানুষ সৃষ্টির শ্রেষ্ঠ জীব"–উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) পরস্পরের সহযোগী হিসেবে ঈশ্বর মানুষকে নারী-পুরুষে সৃষ্টি করেছেন –উক্তিটি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। প্রিয়ন্ত প্রায়ই তার বাবার পকেট থেকে টাকা নেয়। বন্ধুদের সঙ্গে বেশি সময় কাটায়। তার কথাবার্তা ও চালচলনে অনেক পরিবর্তন দেখে তার বাবা একদিন ছেলেকে ডেকে টাকার কথা জিজ্ঞাসা করলেন। কিন্তু প্রিয়ন্ত তা সম্পূর্ণ অস্বীকার করল। এভাবে সে দিনের পর দিন বন্ধুদের সঙ্গেও খারাপ ব্যবহার করতে লাগল। ধীরে ধীরে সে আরও বড় ধরনের অপরাধের সাথে নিজেকে জড়িয়ে ফেলল।

ক) আমরা কী কারণে ঈশ্বরের কাছ থেকে দূরে সরে যাই? ১

খ) সাতটি রিপু বা পাপ-প্রবণতা বলতে কী বুঝ? ২

গ) প্রিয়ন্ত কী ধরণের কাজ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) প্রিয়ন্তের কাজের ফলাফল কী হতে পারে বলে তুমি মনে কর? পাঠ্য পুস্তকের আলোকে মতামত দাও। ৪

৮। পিন্টু তার এক সহপাঠীকে প্রায়ই উত্যক্ত করে। তাকে সে বিভিন্নভাবে খারাপ প্রস্তাব দেয়। মন্দ ইঙ্গিত করে কথা বলে যার কারণে উক্ত সহপাঠী নানা সমস্যার সম্মুখীন হয়। সে স্বাভাবিক ভাবে জীবনযাপন করতে পারছে না।

ক) কীভাবে মানুষ পাপ করে? ১

খ) প্রয়োজনে অতিরিক্ত খাবার খাওয়া কোন ধরনের কাজ? ব্যাখ্যা কর। ২

গ) সহপাঠীর প্রতি পিণ্টুর এরূপ আচরণের কারণ কি? ব্যাখ্যা কর। ৩

ঘ) পিণ্টুর এ ধরনের আচরণ সমাজে কী কী ফল বয়ে আনতে পারে? আলোচনা কর। ৪

৯। সূচী দেখতে সুন্দরী। এই জন্য সে সব সময় নিজেকে অন্যের চেয়ে আলাদা ভাবে। কারো সাথে কথা বলে না। সে অত্যন্ত রাগী। সে রেগে গেলে ঘরের জিনিসপত্র ভেঙে ফেলে। সে কোনো কাজ করে না, অলস সময় কাটায়। সে সব সময় মানসিকভাবে অশান্তিতে থাকে। পাপের প্রবণতার জন্য তার এই মানসিক অশান্তি তা সে বুঝতে পারে না।

ক) সপ্তরিপু কি? ১

খ) সপ্তরিপু দমনের উপায়গুলো লেখ। ২

গ) উদ্দীপকের সূচীকে পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) মানসিক অশান্তির মূলে হচ্ছে পাপ। বিশ্লেষণ কর। ৪

১০। অনল একজন বাণী প্রচারক। ছোটবেলা থেকেই ধর্মের প্রতি তার মনোযোগ একটু বেশি। ধর্মীয় যে কোন কাজে অনল সবার আগে। প্রকার কাজ করতে গিয়ে মানুষের বিভিন্ন সমালোচনার সম্মুখীন হয়। মানুষের ঘৃণা, অপমান সবই সহ্য করে তার কাজ সুন্দর ভাবে চালিয়ে যাচ্ছে। কারণ, অনল খুব ভালোভাবে জানত যে ভালো কিছু করতে হলে অনেক কষ্ট স্বীকার করতে হয়। এমনকি আপনজনদের কাছেও অবহেলিত হতে হবে। ছোটবেলার ধর্মীয় শিক্ষা তাকে স্থির থাকতে অনুপ্রাণিত করেছে। তাই সে আজও ঈশ্বরের বাধ্য থেকে একজন স্বাধীন মানুষ হয়ে উঠেছে।

ক) যীশুর জন্মের প্রথম সাক্ষী কারা? ১

# ‍ল্যায়ন পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি : সপ্তম**

**বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা**

**(সৃজনশীল)**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

**[যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান- ১০।]**

১। প্রতিটি মানুষই তার কাজের মাঝে বেঁচে থাকে। যার যে দায়িত্ব, তাকে সে কাজ করতে হবে। সমাজে ও মানুষকে নির্দিষ্ট কর্তব্যনিষ্ঠার সাথে পালন করতে হয়। কর্তব্যনিষ্ঠা একটি নৈতিক গুণ ও ধর্মের অঙ্গ। কর্তব্যনিষ্ঠা ব্যক্তির চরিত্রকে মহৎ করে, তার মঙ্গল করে।

ক) রামায়নের প্রধান চরিত্র কে? ১

খ) সৎ জীবন যাপনের গুরুত্ব বুঝিয়ে লেখ। ২

গ) "কর্তব্যনিষ্ঠা একটি নৈতিক গুণ ও ধর্মের অঙ্গ"– ব্যাখ্যা কর। ৩

ঘ) "কর্তব্যনিষ্ঠা ব্যক্তির চরিত্রেকে মহৎ করে। তার মঙ্গল করে"– বিশ্লেষণ কর। ৪

২। নলিনী তার মায়ের সাথে মন্দিরে যায়। সেখানে গিয়ে সে পুরোহিতকে প্রণাম করলে তিনি বলেন, নিয়মিত ধর্মগ্রন্থ পাঠ করা আমাদের কর্তব্য। ধর্মগ্রন্থ পাঠ করলে আমাদের মঙ্গল হয়। যেমনঃ পুরাণ নানা বৈশিষ্ট্যে বৈশিষ্ট্যান্বিত।

ক) শ্রীশ্রী চণ্ডীতে কতগুলো মন্ত্র আছে? ১

খ) চণ্ডীকে কী কী ভাগে ভাগ করা হয়েছে? ২

গ) নলিনী কীভাবে পুরাণ পাঠের মাধ্যমে নীতিবান হবে? ব্যাখ্যা কর। ৩

ঘ) "পুরাণ নানা বৈশিষ্ট্যে বৈশিষ্ট্যান্বিত"– পুরোহিতের কথাটি বিশ্লেষণ কর। ৪

৩। যিনি জীব ও জগতের উপর প্রভুত্ব করেন তিনিই ঈশ্বর। তিনিই আমাদের স্রষ্টা। আমরা তার অস্তিত্ব অনুভব করতে পারি।

ক) ঈশ্বরের পূর্ণ অবতার কে? ১

খ) জীবাত্মা বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ) কেন তিনি স্রষ্টা তা ব্যাখ্যা কর। ৩

ঘ) তিনি জীব ও জগতের প্রভু–উক্তিটি বিশ্লেষণ করে তোমার মতামত দাও?। ৪

৪। সর্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্বার্থসাধিকে।
শরন্যে এ্যম্বকে গৌরী নারায়ণী নমোহস্তুতে।

ক) পুরাণের কয়টি বৈশিষ্ট্য? ১

খ) রাজা সুরথ কেন রাজ্যহারা হলেন? ২
গ) পাঠ্যবইয়ের আলোকে উদ্দীপকে উল্লেখিত দেবীর মাহাত্ম্য বর্ণনা কর। ৩
ঘ) তোমার পাঠ্য বইয়ের আলোকে উদ্দীপকের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৫। হিন্দুধর্মে নারীকে বিশেষভাবে মর্যাদা দেওয়া হয়েছে। সমগ্র জীব ও জগতের কল্যাণ সাধন করেন মহাদেবী মহামায়া। তিনি নারীশক্তির প্রতীক।
ক) পুরাণের স্বর্গ মানে কী? ১
খ) ধর্মগ্রন্থের বিষয়বস্তু বলতে কী বোঝায়? ২
গ) মহিষাসুর বধ-এর কাহিনী সংক্ষেপে লেখ। ৩
ঘ) হিন্দুধর্মে নারীকে বিশেষভাবে মর্যাদা দেওয়া হয়েছে–উক্তিটি শ্রীশ্রী চণ্ডীর শিক্ষার আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। ধর্মশিক্ষক অধীর বাবু শ্রেণীতে ছাত্রদের উদ্দেশ্যে বলেন, পৃথিবীতে যুগে যুগে বিভিন্ন অবতার এসে পৃথিবীকে কলুষমুক্ত করেছেন। তাঁরা দুষ্টের দমন করে পৃথিবীতে শান্তি ফিরিয়ে এনেছেন।
ক) কে সর্বশক্তিমান? ১
খ) দেবতা বা দেব-দেবী বলতে কী বোঝ? ২
গ) পৃথিবীতে অবতরণের পর অবতারগণের প্রধান কাজ কী? ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকের আলোকে অবতারের স্বরূপ বিশ্লেষণ কর। ৪

৭। বেদ হিন্দুদের আদি ধর্মগ্রন্থ। বেদকে চারভাগে ভাগ করা হয়েছে। ঋগ্বেদ, সামবেদ, যজুর্বেদ, অথর্ববেদ। ঋগ্বেদে বলা হয়েছে, 'একং সদ্ বিপ্রা বহুধা বদন্তি'। এখানে আরও বলা হয়েছে, একং সন্তং বহুধা কল্পয়ন্তি।'
ক) হিন্দুধর্ম মতে ঈশ্বর এক বনা বহু? ১
খ) বহু দেব-দেবীর ধারণা যুক্তি দিয়ে ব্যাখ্যা কর। ২
গ) 'একই সদ বস্তুকে জ্ঞানীগণ বহুভাবে উপলব্ধি করেন।' –উক্তিটি ব্যাখ্যা কর। ৩
ঘ) ঈশ্বর এক কিন্তু তিনি বহুরূপে বিরাজমান। –কথাটি মূল্যায়ন কর। ৪

৮। সকল সৃষ্টির মূলে রয়েছেন ঈশ্বর। তিনি সর্বশক্তিমান। ঈশ্বরের কোনো আকার নেই। কিন্তু তাঁর সৃষ্টির মধ্য দিয়েই আমরা তাঁর অস্তিত্ব অনুভব করে থাকি। ঈশ্বরের সন্তুষ্টি লাভের জন্য এবং আমাদের মঙ্গলের জন্যই আমরা ঈশ্বরের আরাধনা করে থাকি। ঈশ্বরই সকল যজ্ঞ বা পূজার প্রাপক ও ফলদাতা। ঈশ্বর এক ও অদ্বিতীয়।
ক) ঈশ্বর কে? ১
খ) আমরা কেন পূজা করে থাকি? –ব্যাখ্যা কর। ২
গ) 'ঈশ্বর এক ও অদ্বিতীয়'– ব্যাখ্যা কর। ৩
ঘ) 'ঈশ্বরই সকল যজ্ঞ বা পূজার প্রাপক ফলদাতা।" –উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৯। জীবনকে সার্থক করে গড়ে তোলার জন্য সততা একটি উৎকৃষ্ট পথ। সততা না থাকলে মানুষ আর পশুর মধ্যে কোন পার্থক্য থাকে না। সততা মানুষকে ভালো মন্দের পার্থক্য বুঝিয়ে দেয়। সৎ মানুষকে সকলেই শ্রদ্ধা করে, ভালোবাসে। এ বিশ্বে যত মহাপুরুষ জন্মগ্রহণ করেছেন, তাঁরা সকলেই সত্যের ধারক ও বাহক। সত্য প্রকাশ করাই তাঁদের জীবনের ব্রত। তাইতো বলা হয়েছে, 'সততাই সর্বোকৃষ্ট পন্থা'।
ক) নীতি কাকে বলে? ১
খ) সততা বলতে কী বোঝ? ২
গ) 'মানুষকে ভাল-মন্দের পার্থক্য বুঝিয়ে দেয় সততা।'– ব্যাখ্যা কর। ৩
ঘ) "সততাই সর্বোৎকৃষ্ট পন্থা।" –উক্তিটির যথার্থতা তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। ত্যাগ-তিতিক্ষা ধর্মের অঙ্গ। মানব চরিত্রের একটি বিশেষ নৈতিক গুণ। ত্যাগ-তিতিক্ষা গুণে মানুষে দেবতার স্তরে উন্নীত হতে পারে। রামায়নের প্রধান চরিত্র রামচন্দ্র সেই দৃষ্টান্ত স্থাপন করেছেন। মহাবীর হয়েও তিনি ছিলেন ক্ষমাশীল।
ক) ত্যাগ কাকে বলে? ১
খ) রাণী কৈকেয়ী কেন দশরথের কাছে বর চেয়েছিল? ২
গ) 'ত্যাগ-তিতিক্ষা ধর্মের অঙ্গ।' –ব্যাখ্যা কর। ৩
ঘ) "মহানবীর হয়েও তিনি ছিলেন ক্ষমাশীল, সহিষ্ণু এবং ত্যাগী।"– উক্তিটি তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১। 'নীতি' শব্দ থেকে নৈতিক শব্দের উৎপত্তি। নৈতিক শিক্ষা ধর্মের অঙ্গ। মানবিক মূল্যবোধ সৃষ্টির জন্য নৈতিক শিক্ষার ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। আর এই নীতিশিক্ষা গঠনে পরিবারের ভূমিকা অপরিসীম।
ক) নৈতিক শিক্ষা কাকে বলে? ১
খ) 'ধর্ম হচ্ছে নৈতিক শিক্ষার একটি উপায়'।–ব্যাখ্যা কর। ২
গ) 'নৈতিক শিক্ষা ধর্মের অঙ্গ'। –ব্যাখ্যা কর। ৩
ঘ) "মানবিক মূল্যবোধ সৃষ্টির জন্য নৈতিক শিক্ষার ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ" –বিশ্লেষণ কর। ৪

ক) কত প্রকার কুশল কর্মের মধ্যে বৌদ্ধধর্ম প্রতিষ্ঠিত? ১
খ) দানের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২
গ) চম্পা যে দান করলেন তা কোন দানের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ) চম্পা চাকমার প্রদত্ত দানের গুরুত্ব পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

১১। অনিল চাকমা একজন ধনাঢ্য ব্যবসায়ী। তার গ্রামে এক যুবকের একটি কিডনি নষ্ট হয়ে গেলে তিনি উক্ত যুবকের চিকিৎসার জন্য এক লক্ষ টাকা দান করেন। পক্ষান্তরে সুনিল চাকমা ধনী হলেও তিনি ঐ যুবককে নিজের একটি কিডনি দান করেন। সুনিল চাকমার কিডনি দানের ফলে যুবকটি মৃত্যুর হাত থেকে রক্ষা পেল।

ক) সংঘদানের জন্য কতজন ভিক্ষুর প্রয়োজন? ১
খ) ভিক্ষু সংঘকে দান দেওয়া হয় কেন? ২
গ) সুনিল চাকমার দানটিতে কোন দানের সাদৃশ্য রয়েছে–ব্যাখ্যা কর। ৩
ঘ) অনিল চাকমা ও সুনিল চাকমার দানের ফলাফল পাঠ্যপুস্তকের আলোকে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি : সপ্তম**

**বিষয় : বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা**

**(সৃজনশীল)**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

**[যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান- ১০।]**

১। সুমন বড়ুয়া ছোটবেলা থেকে ধর্মকর্ম ও জ্ঞানচর্চায় নিয়োজিত থাকতেন। তিনি প্রায়ই বিহারের ভিক্ষুশ্রমণ, পিতা-মাতা ও পরিবার-পরিজনের সেবা করতেন। কিন্তু তিনি এক সময়ে দুরারোগ্য ব্যধিতে আক্রান্ত হন। সংক্রামক রোগের কারণে পরিবার-পরিজন তাঁকে ফেলে অন্যত্র চলে যায়। এমতাবস্থায় তাঁর দূরসম্পর্কের আত্মীয় পবন বড়ুয়া পর্যাপ্ত সেবাযত্নের মাধ্যমে তাঁকে সুস্থ করে তোলেন।

ক) মহামানব গৌতমবুদ্ধ কখন জন্মগ্রহণ করেন? ১
খ) গৌতম কীভাবে বুদ্ধ নামে খ্যাত হলেন? ব্যাখ্যা কর। ২
গ) পবন বড়ুয়ার সেবাধর্মে কোন মহামানবের উপদেশ প্রতিফলিত হয়েছে? বর্ণনা কর। ৩
ঘ) পবন বড়ুয়ার কর্মটি মানব সেবার একটি উৎকৃষ্ট উদাহরণ–পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

২। শ্রাবণী বড়ুয়া তাঁর মাতার কাছ থেকে প্রার্থনার নিয়ম-কানুন শিখে তা অনুসরণ করেন। তিনি গৃহে ও বিহারে গিয়ে প্রার্থনা করেন এবং মহাজ্ঞানি গুণরাশি স্মরণ ও শ্রদ্ধা করেন। তাছাড়া তিনি শ্রদ্ধা দানের উত্তম পাত্রে সঠিকভাবে পূজা ও অর্চনা করেন।

ক) 'বন্দনা' শব্দের অর্থ কী? ১
খ) কীভাবে বন্দনা করতে হয়? ২
গ) শ্রাবণী বড়ুয়া কোন রত্নের গুণটি অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ) শ্রাবণীর অনুসরণীয় নীতির দ্বারা ইহ ও পরজীবনে কী ফল লাভ করতে পারবে বলে মনে কর তা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৩। রামতনু প্রতিদিন বিহারে গিয়ে তিনটি বিষয়ের বন্দনা করে। বন্দনার প্রকৃত উদ্দেশ্য শ্রদ্ধা নিবেদন করা, গুণীর গুণরাশির স্তুতি বা প্রশংসা করা। অবশ্য বন্দনার পূর্বে আমাদের বেশকিছু নিয়ম পালন করতে হয়।

ক) জ্ঞানীদের মধ্যে কে শ্রেষ্ঠ? ১

খ) ত্রিরত্নের প্রথম রত্ন আলোচনা কর। ২
গ) উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়ের বন্দনা তুমি কীভাবে করবে? ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকের আলোচিত বিষয়টি বিশ্লেষণ কর। ৪

৪। বোধিনিকেতন বিহারটি এক প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত। বিহারে যাওয়ার পথটি চলাচলের অযোগ্য ছিল। সেখানে কিছু সংখ্যক সন্ত্রাসী থাকায় পুণ্যার্থীরা লুপপাটের শিকার হতো। তাদের আধিপত্য এতো প্রবল ছিল যে রাস্তাটি সংস্কার করা কারও পক্ষে সম্ভব ছিল না। এক পর্যায়ে উক্ত বিহারের সভাপতি সুশীল চাকমা সাহসিকতা ও দৃঢ় মনোবল নিয়ে গ্রামের যুবকদের নিয়ে রাস্তাটি মেরামত করলেন।

ক) গৌতমবুদ্ধের পিতার নাম কী? ১
খ) শীল ও নৈতিকতার মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ) সুশীল চাকমার ঘটনাটি বুদ্ধের বোধিসত্ত্ব জীবনের কোন ঘটনার সাথে সম্পৃক্ততা রয়েছে? বর্ণনা কর। ৩
ঘ) গ্রামবাসীর উন্নয়নে সুশীল চাকমার গৃহীত পদক্ষেপটি বৌদ্ধধর্মের নৈতিকতার দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৪

৫। মানবের দুঃখ মুক্তির উপায় অন্বেষণের জন্য রাজপ্রাসাদ পিতামাতা, স্ত্রী-পুত্র, ভোগ-বিলাস ত্যাগ করে সন্ন্যাস জীবন অবলম্বন করে অর্নব। সুদীর্ঘ ছয় বছর কঠোর সাধনা করে লাভ করেছেন বোধিজ্ঞান। তিনি যে ধর্ম ও দর্শনের ধারণা দিয়েছেন তা মূলত সর্বপ্রাণীর কল্যাণের জন্য প্রচার করেছেন।

ক) 'শীল' শব্দের অর্থ কী? ১
খ) নৈতিকতা বলতে কী বোঝায়? ২
গ) উদ্দীপকে অর্নব চরিত্রে পাঠ্যবইয়ের কোন মহামানবের ইঙ্গিত দেওয়া হয়েছে? ৩
ঘ) উক্ত মহামানব সংযত, আদর্শ এবং নৈতিক জীবনযাপনের নির্দেশ দিয়েছেন– বিশ্লেষণ কর। ৪

৬। অর্পিতা বড়ুয়া প্রতিদিন ত্রিরত্ন বন্দনা করে। বৌদ্ধের প্রতিটি ধর্মীয় আচার-অনুষ্ঠানে ত্রিরত্ন বন্দনা করা হয়। বন্দনা বিহারে এবং গৃহে বুদ্ধমূর্তির সামনে করা হয়।

ক) ত্রিরত্নের দ্বিতীয় রত্ন কী? ১
খ) বুদ্ধকে মহাজ্ঞানী বলা হয় কেন? ২
গ) উদ্দীপকে আলোচিত ত্রিরত্নের মধ্যে বুদ্ধ বন্দনা পালি ও বাংলা অনুবাদসহ ব্যাখ্যা কর। ৩
ঘ) উক্ত বুদ্ধ বন্দনা ছাড়াও ধর্ম্ম ও সংঘ বন্দনা পালি ও বাংলায় বিশ্লেষণ কর। ৪

৭। পুষ্পিতা খীসা ভোরে ঘুম থেকে উঠে প্রাত:কৃত্য সম্পন্ন করেন। তিনি পরিষ্কার পোশাক পরিধান করে বিহারে গিয়ে বুদ্ধবেদিতে পূজা ও দান সামগ্রী রেখে শীল গ্রহণ করেন। ভিক্ষুর উপদেশ মতো বুদ্ধাসনের সামনে বসে প্রার্থনা করেন। তিনি দুপুরের খাবারের পর পানীয় ছাড়া কিছু আহার গ্রহণ করতেন না। এভাবে পুষ্পিতা খীসার লোভ, দ্বেষ, মোহ দূর হয় এবং মনে প্রশান্তি বিরাজ করে।

ক) গৃহীরা কোন শীল পালন করেন? ১
খ) শীল পালন বৌদ্ধদের অপরিহার্য নিত্যকর্ম কেন? ২
গ) পুষ্পিতা খীসা যে শীল পালন করেন, তা ব্যাখ্যা কর। ৩
ঘ) উক্ত শীল পালনের দ্বারা পুষ্পিতা খীসার পারিবারিক জীবনে কোন আচরণের প্রতিফলন ঘটবে পাঠ্যপুস্তকের আলোকে মতামত দাও। ৪

৮। রাজু ও সাজু ঘনিষ্ঠ বন্ধু। রাজুর পরিবারের সবাই ধর্মীয় কার্যাবলি পালনে সচেতন থাকেন। পক্ষান্তরে সাজুর পরিবার ধর্মের প্রতি তেমন আগ্রহী ছিল না। এতে সাজুর মনে অনুশোচনা বিরাজ করত। এক পর্যায়ে সাজু একাকী সারাদিন অনাহারে থেকে ধর্মচর্চা পালন করে। অবশেষে ধর্মীয় স্মৃতি মনে নিয়ে সাজু মৃত্যুমুখে পতিত হয় এবং মৃত্যুর পর সে সদ্গতি প্রাপ্ত হয়।

ক) আদিন্নাদানা শব্দের অর্থ কী? ১
খ) শীল কীভাবে গ্রহণ করতে হয়? ব্যাখ্যা কর। ২
গ) সাজুর আচরণে কোন কাহিনীর মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ) রাজু ও সাজু কর্মের দ্বারা কী ফল লাভ করবে পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। ড. দিলীপ বড়ুয়া প্রতিদিন এমন একটি শীল পালন করেন যা পঞ্চশীলের উচ্চতর স্তর। তবে গৃহী বৌদ্ধরা সাধারণত এই শীল পূর্ণিমা, অমাবস্যা এবং অষ্টমী তিথিতে পালন করে থাকে। ভগবান গৌতম বুদ্ধ মূলত ধর্মময় উন্নত জীবন গঠনের জন্য উক্ত শীলের প্রবর্তন করেছেন।

ক) ভিক্ষুগণ কতটি শীল পালন করে? ১
খ) উপোসথ শীল বলতে কী বোঝায়? ২
গ) উদ্দীপকে যে শীলের ইঙ্গিত রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ) উক্ত শীল পালনের নিয়মাবলি বিশ্লেষণ কর। ৪

১০। চম্পা চাকমা ছেলের জন্মদিন উপলক্ষে বাড়িতে আত্মীয় ও প্রতিবেশীদের নিমন্ত্রণ করলেন। উক্ত অনুষ্ঠানে তিনি গান বাজনারও ব্যবস্থা করলেন। এতে তার মা অসন্তুষ্ট হলেন। তার ইচ্ছা ছিল বিহার অধ্যক্ষের অনুমতিক্রমে ভিক্ষুসংঘকে উপযুক্ত দান দেবেন। তাই চম্পা মায়ের ইচ্ছা পূরণ করার জন্য সংঘকে চীবর, ভিক্ষাপাত্রসহ নানা দ্রব্য ও বিহার উন্নয়নের জন্য নগদ অর্থ দান করলেন।

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০ খ্রিঃ

**শ্রেণি : সপ্তম**

**বিষয় : চারু ও কারুকলা**

**(সৃজনশীল)**

সময় : ১ ঘণ্টা ১০ মি. পূর্ণমান-২০

**বহুনির্বাচনী প্রশ্ন (১০টি)** **১০×১=১০**

১। যারা ছবি আঁকেন তাদেরকে কী বলে?
(ক) চিত্রশিল্পী (খ) নাট্যশিল্পী (গ) নৃত্যশিল্পী (ঘ) সংগীতশিল্পী

২। কত সালে ঢাকায় চিত্রকলা শেখার প্রতিষ্ঠান গড়ে তোলা হয়?
(ক) ১৯৪২ (খ) ১৯৪৭ (গ) ১৯৪৮ (ঘ) ১৯৫২

৩। গর্ভনমেন্ট আর্ট ইনষ্টিটিউট যাত্রা শুরু করা হয় কত সালে?
(ক) ১৪ আগষ্ট, ১৯৪৭ (খ) ৩০ সেপ্টেম্বর, ১৯৪৮
(গ) ৩০ সেপ্টেম্বর, ১৯৪৮ (ঘ) ৩০ সেপ্টেম্বর, ১৯৪৮

৪। সুন্দর ও রুচিশীল সমাজ গঠনে কাদের ভূমিকা অপরিসীম?
(ক) চিত্রশিল্পীর (খ) রাজনীতিবিদের (গ) কৃষকের (ঘ) কামার

৫। আদিম মানুষরা কোথায় ছবি আঁকতো?
(ক) ক্যানভাসে (খ) গুহায় (গ) কাগজে (ঘ) গাছে

৬। আলতামিরা গুহা আবিষ্কার হয় কত সালে?
(ক) ১৮৭৯ (খ) ১৮৭০ (ঘ) ১৮৯০ (ঘ) ১৮৮০

৭। পণ্ডিতদের হিসাব অনুযায়ী গুহাচিত্রের বয়স কত হওয়া সম্ভব?
(ক) খ্রিঃ পূঃ ৫০০০-১০০০০ (খ) খ্রিঃ পূঃ ১০০০০-৩০০০০
(গ) খ্রিঃ পূঃ ৩০০০০-৪০০০০ (ঘ) খ্রিঃ পূঃ ৩৫০০০-৫০০০০

৮। মোনালিসা কোন শিল্পীর আঁকা বিখ্যাত শিল্পকর্ম?
(ক) রাফায়েল সানজিও (খ) মাইকেল এঞ্জেলো
(গ) লিওনার্দো দা ভিঞ্চি (ঘ) পাবলো পিকাসো

৯। কোন শিল্পের শিল্পীদের নাম আমাদের অজানা?
(ক) গুহাচিত্রের (খ) ভাস্কর্যের (গ) তৈলচিত্রের (ঘ) কারুশিল্পের

১০। গিরল্যাণ্ডোর কাছ থেকে কোন বিষয়ে মাইকেল এঞ্জেলো জ্ঞান অর্জন করেন?
(ক) চিত্রশিল্প (খ) ভাস্কর্য (গ) স্থাপত্য ও ভাস্কর্য (ঘ) গণিতশাস্ত্র

**সংক্ষেপে উত্তর দাও ঃ (যে কোন ২টি)** **৫×২=১০**

১। চারু ও কারুকলা চর্চার গুরুত্বসমূহ কী কী?

২। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে চিত্রশিল্পীদের অবদান সম্পর্কে লেখ।

৩। বাউল গানের আসর অথবা ভাষা আন্দোলন-এ বিষয়ে তোমার ইচ্ছোমতো দৃশ্য এঁকে রং কর।